৩। এণ্টিমনি।

এণ্টিমনি ও তদ্ঘটিত লবণগুলি দ্বারা বিষাক্ত হইলে ট্যানিক্ এসিড্ দ্রব, চার ক্বাথ, মাজুফলের ক্বাথ, সিঙ্কোনার ক্বাথ, ওকৃবার্কের ক্বাথ, দাড়িম্ব মূলের ক্বাথ, টর্মেণ্টিলা, ইউভি অর্সাই ইত্যাদি সঙ্কোচক ঔষধের ক্বাথ, সিঙ্কোনা, খদির, কাইনো ইত্যাদি সঙ্কোচক ঔষধের অরিষ্ট জল মিশ্রিত করিয়া এবং সঙ্কোচক ঔষধের সার জলে দ্রব করিয়া সেবন করিলে বিষ ধ্বংশ হয়।

টার্টার্ এমেটিক্ দ্বারা বিষাক্ত হইলে উপর্য্যুক্ত বিষ নষ্টকর ঔষধ ব্যবহার্য্য। কিন্তু সেস্কুই ক্লোরাইড্ অব্ এণ্টিমনি দ্বারা বিষাক্ত হইলে দুগ্ধের সহিত ম্যাগ্নিসিয়া; খড়ি দুগ্ধের সহিত, সাবান জলে দ্রব করিয়া; এবং কার্ব্বনেট্ অব্ সোডা দ্রব উত্তম এবং বিষনাশক ঔষধ।

৪। আর্সেনিক্ বা শঙ্খবিষ।

আর্সেনিয়স্ এসিড্ দ্বারা বিষাক্ত হইলে তৈল ও চূণের জল মিশ্রণ, দুগ্ধ ও চূণের জল মিশ্রণ, লাইট্ ম্যাগ্নিশিয়া জলে দ্রব সেবন করাইবে। আর্সেনিক্ ঘটিত ঔষধ দ্বারা বিষাক্ত হইলে সেস্কুই অক্সাইড্ অব্ আয়রণ, অথবা কার্ব্বনেট্ অব্ এমোনিয়া মিশ্রিত টিংচার ইসেস্কু ক্লোরাইড্ অব্ আয়রণ অথবা পার সল্ফেট্ অব্ আয়রণ এবং কার্ব্বনেট্ অব্ আয়রণ্ জলে মিশ্রিত করিয়া দিবে। আর্সেনিক্ এসিড্ বিষ-নাশার্থ জান্তবাঙ্গার ব্যবস্থা।

৫। ব্যারাইটা।

ব্যারাইটা ঘটিত ঔষধ দ্বারা বিষাক্ত হইলে সলফেট্ অব্ ম্যাগ্নিসিয়া দ্রব সলফেট্ অব সোডা অথবা ফটকিরি সেবন করিতে দিবে। কার্ব্বনেট্ অব্ ব্যারাইটা দ্বারা বিষাক্ত হইলে ভিনিগার সহিত সলফেট্ অব্ ম্যাগ্নিসিয়া মিশ্রিত করিয়া সেবন করিতে দিবে

৬। তাম্র।

তাম্রঘটিত ঔষধের বিষ-নাশার্থ জলে ডিম্বের শ্বেতকুসুমদ্রব, দুগ্ধ এবং ময়দা জলে গুলিয়া সেবন করিতে দিবে।

৭। দাহক চুণ বা ক্ষার।

ইহাদিগের দ্বারা বিষাক্ত হইলে কার্ব্বনিক্ এসিড্ ব্যবস্থা। কিন্তু এই উদ্দেশ্য সাধনার্থ এক বোতল সোডাওয়াটরই প্রশস্ত।

৮। হাইড্রোসিয়ানিক্ এসিড্।

হাইড্রোসিয়ানিক্ এসিড্ এবং তৎঘটিত ঔষধের বিষ-নাশার্থ কার্ব্বনেট্ অব্ এমোনিয়া জলে দ্রব করিয়া সেবন করিতে দিবে। নাসারন্ধ্রে দ্রব এমোনিয়া দিবে; এমোনিয়ার ঘ্রাণ দেওন কালে কৃত্রিম শ্বাস প্রশ্বাস করিবে; এক আউন্স জলে ১০ গ্রেণ সল্‌ফেট্ অব্ আয়রণ্ দ্রব করিয়া তাহার সহিত ১ড্রাম্ টিংচার সেসকুইক্লো- রাইড্ অব্ আয়রণ যোগ করিবে। পরে ২০ গ্রেণ কার্ব্বনেট্ অব পটাস্ (১ বা ২ আউন্স জলে দ্রব করিয়া) মিশ্রিত করিয়া তৎক্ষণাৎ সেবন করিতে দিবে। কয়েক বিন্দু ক্লোরিণ্ দ্রব অথবা নাইট্রোহাই- ড্রোক্লোরিক্ এসিড্ জল মিশ্রিত করিয়া পাকযন্ত্রে নিক্ষেপ করিবে।

সিয়ানজেন ঘটিত ঔষধ দ্বারা বিষাক্ত হইলেও ঐ মত চিকিৎসা করিতে হইবেক।

৯। আইওডিন্।

আইওডিন্ ও তৎঘটিত ঔষধ দ্বারা বিষাক্ত হইলে শ্বেতসারের মণ্ড (ষ্টার্চ), ময়দা জলে গুলিয়া, সিদ্ধ আলু, এবং রুটী প্রভৃতি ভক্ষণ করিতে দিবে।

১০। সীস।

সীস এবং তৎঘটিত প্রয়োগরূপ ও ঔষধগুলির দ্বারা বিষাক্ত লক্ষণ প্রকাশ পাইলে ব্যারাইটা দ্বারা বিষাক্ত হইলে যেমত ঔষধ

বিষঘ্ন বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, ইহাতেও তাহাই করিবে। সলফিউরেটেড্ হাইড্রোজেন্ জলে দ্রব করিয়া সেবন করাইবে। যাহারা রঙ্গের কার্য্য করে এবং সীস কারখানার কার্য্য করে তাহাদিগের চর্ম্মাভ্যন্তরে সীস অধিক পরিমাণে থাকে। তাঁহাদিগকে সলফিউরেটেড্ জলে স্নান করান কর্ত্তব্য। (জল৩০ গ্যালন্, সল্ফিউরেট অব্ পটাশিয়ম্ ৪ আউন্স।)

১১। পারদ।

পারদ ও তৎঘটিত ঔষধ দ্বারা বিষাক্ত হইলে অণ্ডলাল জলে দ্রব করিয়া, দুগ্ধ, ময়দা জলে গুলিয়া সেবন করিতে দিবে। দুই অংশ সূক্ষ্ম লৌহচূর্ণ এবং এক অংশ দস্তাচূর্ণ মিশ্রিত করিয়া ভক্ষণ করাইবে।

১২। অহিফেণ।

অহিফেণ দ্বারা বিষাক্ত হইলে এণ্টিমনি-বিষঘ্ন বলিয়া যে সমস্ত ঔষধ নির্দ্দেশ করা হইয়াছে তাহাই দিবে। মস্তকে শীতল জলধারা দিবে।

বেলেডোনা, হায়োসায়মাস্, ষ্ট্রামোনিয়ম্, কলচিকম্, ভিরাট্রম্ ইত্যাদি যে সমস্ত উদ্ভিজ্জ ঔষধের বীর্য্যের (অ্যাল্কালইড্) উপর তাহাদিগের বিষাক্ত ক্রিয়া নির্ভর করে, তাহাদিগের দ্বারা বিষাক্ত হইলেও অহিফেণের দ্বারা বিষাক্ত হইলে যে উপায় অবলম্বন করা উচিত তাহাতেও তাহাই করিবে।

১৩। রৌপ্য।

রৌপ্য ঘটিত ঔষধ দ্বারা বিষাক্ত হইলে লবণ জলে দ্রব করিয়া, অণ্ডলাল জলে দ্রব করিয়া, দুগ্ধ এবং ময়দা জলে গুলিয়া সেবন করাইবে।

১৪। সল্‌ফিউরেটেড্‌ হাইড্রোজেন্‌।

ইহা দ্বারা বিষাক্ত হইলে অল্প ক্লোরিন্‌ বাষ্প মিশ্রিত বায়ু আঘ্রাণ করাইবে।

হাইড্রোসলফিউরেট্‌ অব্‌ এমোনিয়া দ্বারা বিষাক্ত হইলে ক্লোরাইড্‌ অব্‌ সোডা জলে দ্রব করিয়া সেবন করাইবে।

সল্‌ফিউরেট্‌ অব্‌ পটাশিয়ম্‌ দ্বারা বিষাক্ত হইলে ক্লোরাইড্‌ অব্‌ লাইম্‌ দ্রব জলে মিশ্রিত করিয়া সেবন করাইবে।

১৫। টীন।

টীন ঘটিত ঔষধ দ্বারা বিষাক্ত হইলে অণ্ডলাল জলে দ্রব, দুগ্ধ, ময়দা জলে গুলিয়া, ম্যাগ্‌নিসিয়া দুগ্ধ মিশ্রিত করিয়া, সাবান জলে গুলিয়া, এবং কার্ব্বনেট্‌ অব সোডা দ্রব জলে মিশ্রিত করিয়া সেবন করাইবে।

১৬। জিঙ্ক।

এতদ্‌ ঘটিত ঔষধ দ্বারা বিষাক্ত হইলে অবিকল টীনের দ্বারা বিষাক্ত হওনের ন্যায় চিকিৎসা করিবে।

ঔষধসার-সংগ্রহ।

সঙ্কোচক।

প্রথম সঙ্কোচক।

শৈত্য—Frigus, Cold.

প্রয়োগরূপ—

১ম। কোল্ড বাই রেডিয়েশন্; অর্থাৎ তাপ বিকীর্ণ হইয়া শৈত্যোৎপাদন। তপ্ত বস্তু বায়ুতে রাখিলে তাহার তাপ বিকীরিত হইয়া উহা শীতল হয়।

২য়। কোল্ড বাই ইভ্যাপোরেশন্। অর্থাৎ তরল পদার্থ উৎপাদন দ্বারা শৈত্যোৎপাদন। তরল দ্রব্য বাষ্পাকার হইলে তাহা শীতল হয়।

৩য়। কোল্ড বাই কণ্ডকসন্; অর্থাৎ তাপ হরণ দ্বারা শৈত্যোৎপাদন। উত্তপ্ত দ্রব্যে শীতল দ্রব্য স্পর্শ করিলে তাপ সঞ্চালিত হইয়া থাকে।

উষ্ণতার অভাবই শৈত্য।—কৌশলক্রমে কোন পদার্থ হইতে উষ্ণতা বহির্গত করিয়া লইতে পারিলেই, তাহা শীতলাবস্থা প্রাপ্ত হয়।

শৈত্যের সঙ্কোচক ক্রিয়া। যে স্থানে শৈত্য সংস্পর্শ করা যায়,

তাহা আকুঞ্চিত হয়। এই জন্য কোন স্থান যদি কাটিয়া যায়, তথায় শৈত্য লাগাইলে তথাকার রক্ত রোধ হয়। শৈত্য অস্ত্রচিকিৎসকদিগের প্রধান অবলম্বন। অস্ত্রকার্য্য করিতে করিতে কোন ধমনী কাটিয়া গেলে চিকিৎসক তৎক্ষণাৎ কর্ত্তিত স্থানে বরফ সংলগ্ন করিয়া থাকেন।

জরায়ু ক্ষীণবল বা দুর্ব্বল হইয়া গর্ভস্রাবের আশঙ্কা হইলে, বরফ খাওয়াইলে বিলক্ষণ উপকার হইবার সম্ভাবনা। প্রদাহ দমন, অন্ত্রবৃদ্ধি নিবারণ, স্থানিক শিথিলতা নিবারণ, শিরাবর্দ্ধন রোগে শৈত্য বিশেষ উপযোগী। রক্তবমন, স্থানিক রক্তস্রাব, ইত্যাদিতেও শৈত্য মহোপকারক।

---

২ য় সঙ্কোচক।

মাজুফল—Gall :-Galls, Gall nuts.

চূর্ণের মাত্রা ১০—২০ গ্রেণ্।

ক্যুপুলিফেরি জাতীয় কোয়ার্কস্ ইন্‌ফেক্টোরিয়া নামক ক্ষুদ্র বৃক্ষ হইতে জন্মে।

প্রঃ রূঃ। ১। টিংচুরা গ্যালি—মাজুফলের অরিষ্ট। (মাজুফল চূর্ণ ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইন্ট।) পার্কলেসন্ দ্বারা প্রস্তুত করিতে হয়। মাত্রা ॥০—২ ড্রাম।

২। অঙ্গুয়েণ্টম্ গ্যালি—মাজুফলের মলম। (মাজুফলচূর্ণ ৮০ গ্রেণ, বেন্‌জোয়েটেড্ লার্ড ১ আং) মিশ্রিত করিয়া লইবে।

৩। অঙ্গুয়েণ্টম্ গ্যালি কম্ ওপিও। অহিফেণযুক্ত মাজুফলের মলম। (মাজুফলের মলম ১ আং, অহিফেণ ৩২ গ্রেণ। উত্তমরূপে মিশ্রিত করিবে।)

মাজুফলের আকৃতি গোলাকার, বহির্দ্দেশ কর্কশ, নীল বা হরিৎ, ধূসর বা পীতবর্ণ, গন্ধবিহীন, বিশুদ্ধ কষায় ও তিক্ত আস্বাদ। ইহাতে

ট্যানিক এসিড্ শতকরা ৩৫ অংশ, গ্যালিক্ এসিড্ ৫ অংশ আছে।

ক্রিয়া।--বিশুদ্ধ সঙ্কোচক, বলকারক পর্য্যায়নিবারক ?

ব্যবহার।—পূর্ব্বে ইণ্টারমিটাণ্ট ফিবরে ব্যবহৃত হইত। অপ্রাদাহিক ডিসেণ্ট্রি (অতিসার) রোগে অহিফেণ সহযোগে বিলক্ষণ উপকারক করে। অর্শ রোগে স্থানিক শিথিলতা বশতঃ মেনোরজিয়া (রক্তপ্রদর) রোগে ও প্রলেপ্স্ ইউটেরাই ও রেক্টাই রোগে ইহার ক্বাথের পিচকারী, দন্তমুল-শিথিলতায় ইহার কুল্য বিশেষ উপযোগী। লুকোরিয়া (শ্বেতপ্রদর) ও গনোরিয়া (প্রমেহ) রোগের পুরাতন অবস্থায় উপকারী।

৩য় সঙ্কোচক।

ট্যানিক্ এসিড—Tannic Acid.

মাত্রা ২—১০ গ্রেণ্।

মাজুফলচূর্ণ ও ইথর্ সংযোগে প্রস্তুত হইয়া থাকে। ২।৩ দিবস মাজুফলচূর্ণ আর্দ্র বায়ুতে রাখিয়া পরে ইথর্ সহিত মিশাইয়া ২৪ ঘণ্টা পরে রস বাহির করিয়া লইবে; এই মত দুই বার করিয়া ঐ রসে এক ষোল অংশ জল মিশাইয়া তাহাতে অগ্নির উত্তাপ দিবে।

প্রঃ রূঃ। ১। ট্যানিক্ এসিড সপোজিটরি। (ট্যানিক্ এসিড ৩৬ গ্রেণ, বেঞ্জোয়েটেড লার্ড ৪৪ গ্রেণ, অইল অব্ থিয়োব্রোমা ৯০ গ্রেণ্ মোম ১০ গ্রেণ। ইহাতে ১২ সপোজিটরি হইবে। প্রত্যেকে ৩ গ্রেণ ট্যানিক্ এসিড্ আছে।)

২। ট্যানিক্ এসিড্ লোজেঞ্জেস্। (ট্যানিক্ এসিড্ ৩৬০ গ্রেণ, টোলুর অরিষ্ট ॥০—২ আং, শর্করাচূর্ণ ২৫ আং, আরবি গঁদচূর্ণ ১ আং, আরবি গঁদমণ্ড ২ আং, পরিশ্রুত জল ১ আং। ৭২০ চাক্তি প্রস্তুত করিবে। প্রত্যেকে ॥০—২ গ্রেণ ট্যানিন্ আছে; মাত্রা ১—৬ চাক্তি।)

৩। গ্লিস্‌রীন্ অব্ ট্যানিক্ এসিড্ (ট্যানিক্ এসিড্ ১ আং, গ্লিস্‌রীন্ ৪ আং। মিশ্রিত করিয়া লইবে।)

৪। সপজিটরি এসিডাই ট্যানিসাই কম্ সেপন্ (ট্যানিক্ এসিড ৩৬ গ্রেণ, গ্লিস্‌রীন্ অব ষ্টার্চ্চ ৩০ গ্রেণ, শুষ্ক সাবান চূর্ণ ১০০ গ্রেণ। ষ্টার্চ্চচূর্ণ প্রয়োজনানুরূপ। ১২ সপোজিটরি হইবে।)

স্বরূপ। ঘন, কষায়, সান্তর, গন্ধহীন।

ক্রিয়া। বিশুদ্ধ ও প্রবল সঙ্কোচক, রক্তরোধক, পাচক ও বলকারক; স্নায়বীয় কৃমিনাশক?

ব্যবহার—পুরাতন উদরাময় রোগে অহিফেণসহ উপকারী।

অজীর্ণ রোগে জলমিশ্র যবক্ষার-দ্রাবক সহযোগে ব্যবহার্য্য।

ব্রঙ্কাইটিস্ ও যক্ষ্মারোগে উপকারী বলিয়া ব্যবহৃত হয়।

যক্ষ্মাজনিত ঘর্ম্মনিবারণার্থ উপকারী। হিমপ্‌টিসিস্, হিমে টেমিসিস্, রজোঽধিক, রক্তাতিসার রক্তপ্রস্রাব ইত্যাদি রোগেও বিলক্ষণ উপকারক। চক্ষুরোগে ইহার ধৌত উপকারক; (২—৫ গ্রেণ ট্যানিক্, ১ আং জলে গুলিয়া লইবে।)

গনোরিয়া, শ্বেতপ্রদর ও প্রলেপ্সস্ এনাই রোগে ইহার পিচকারী বিলক্ষণ উপকারী।

ইপিকাকুয়ানা দ্বারা বমন হইলে ইহা বমন নিবারণ করে। অন্তান্যরূপ শটীত চর্ম্মরোগে ইহা উপকারী।

পালাজ্বরে ২০—৩০—৬০ গ্রেণ পর্য্যন্ত ব্যবহারে উপকার হয়।

৪র্থ সঙ্কোচক।

গ্যালিক্ এসিড্—Gallic Acid.

মাত্রা ২—১০ গ্রেণ্।

মাজুফলের স্থূল চূর্ণ ১ পাউণ্ড, পরিশ্রুত জল যথা প্রয়োজন।

প্রঃ রূঃ।—গ্লিস্‌রীন্ অব্ গ্যালিক্ এসিড্। (গ্যালিক্ এসিড ১আং, গ্লিস্‌রীন্ ৪ আং; উত্তাপ দ্বারা গলাইবে।)

স্বরূপ। কষায় আস্বাদ, গন্ধহীন, কোমল দানাদার, ঈষৎ পাটল বর্ণ

রাসায়নিক উপাদান। জল ৩ অংশ, কার্বন্ ১৪ অংশ, হাইড্রো-জেন ৩ অংশ; অক্‌সিজেন ৭ অংশ।

ক্রিয়া। বিশুদ্ধ সঙ্কোচক। বাহ্যিক প্রয়োগে চর্ম্মঅল্প আকুঞ্চিত হয়।

ব্যবহার। ট্যানিক্ এসিডের ন্যায়। বিবিধ অপ্রাদাহিক রক্তস্রাব রোগে ব্যবহৃত হয়। রক্তস্রাব, রক্তবমন, রক্তোৎকাশ রোগে, আভ্যন্তরিক রক্তস্রাব নিবারণ জন্য ইহা এসিটেড্ অব্ লেডের ন্যায় কার্য্য করে। মেনোরেজিয়া (রজোঽধিক) ও শ্বেতপ্রদর রোগে ইহা অতি উত্তম সঙ্কোচক ঔষধ।

যক্ষ্মারোগে অতি ঘর্ম্ম নিবারণার্থ ব্যবহৃত হয়। ড্রপ্‌সি রোগে এল্‌বুমেন্ নাশক বলিয়া অনেকে অনুমোদন করেন। প্রমেহ ও আগুনালিক প্রস্রাবে উপকারী।

৫ম সঙ্কোচক।

ওক্ বার্ক—Quercus Cortex,

চূর্ণের মাত্রা ৩০—৬০ গ্রেণ।

কোয়ার্কস্ পিডিঙ্কিউলেটা বৃক্ষের বল্কল।

প্রঃ রূঃ। ডিককসন্ অব্ ওক্‌বার্ক্। (ওক্‌বার্ক্ কুট্টিত ১০ আং, পরিস্রুত জল ১ পাইণ্ট। মাত্রা ১—২ আং।)

ক্রিয়া। সঙ্কোচক।

ব্যবহার। ইহার ক্বাথ ফটকিরি সহযোগে রক্তপ্রদর, রজোঽধিক ইত্যাদি রোগে পিচকারীরূপে ব্যবহৃত হয়। দন্তমূল-শিথিলতায় ইহার ক্বাথ কুল্যরূপে এবং পুরাতন ক্ষতে ইহার ধৌত বিশেষ কার্য্য করে

এবং উদরাময় রোগে ও ডিসেন্টির শেষাবস্থাতে ইহা বিশেষ উপযোগী।

৬ষ্ঠ সঙ্কোচক।

কাইনো—Kino,

মাত্রা ১০—৩০ গ্রেণ।

টেরোকার্পস্ মার্সুপিয়ম্ বৃক্ষের গাঢ় রস।

প্রঃ রূঃ ১। কম্পাউণ্ড পাউডার অব্ কাইনো। (কাইনোচূর্ণ ৩৮০ আং, অহিফেণচূর্ণ ।০ আং, দারুচিনি চূর্ণ ১ আং ২০ গ্রেণে ১ গ্রেণ অহিফেণ আছে। মাত্রা ৫—২০ গ্রেণ।)

২। টিংচার অব্ কাইনো—(কাইনো চূর্ণ ২ আং, শোধিত সুরা ১২ আং। গ্লিসরীন্ ৩ আং, পরিশ্রুত জল ৫ আং, মাত্রা ॥০ হইতে ২ ড্রাম।)

স্বরূপ। কোণযুক্ত উজ্জ্বল গাঢ় রক্তবর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড, ঈষৎ স্বচ্ছ ভঙ্গুর। ৫০—৭৫ অংশ ট্যানিক্ এসিড, এভিন্ন ক্যাটেকীন্ ও লোহিত গঁদও আছে।

অসম্মিলন। ক্ষার, দ্রাবক, হিরাকস, নাইট্রেট্ অব্ সিলভর্, টার্টার এমেটিক, রসকর্পূর।

ক্রিয়া। বিশুদ্ধ সঙ্কোচক।

ব্যবহার। উদরাময় রোগে বিশেষ উপকারী। অজীর্ণ রোগে, যক্ষ্মারোগে, অতিঘর্ম্ম ও উদরাময়ে কম্পাউণ্ড কাইনো পাউডর অতীব ফলদায়ক। পুরাতন ক্ষতে ইহার অরিষ্ট সঙ্কোচক ও উত্তেজক হইয়া বিশেষ ফল দর্শায়।

তালু ও টন্সিলগ্রন্থি-শিথিলতায় ইহার কুল্য মহোপকারক। লুকোরিয়াতে সঙ্কোচক বলিয়া ব্যবহৃত হয়।

৭ম সঙ্কোচক।

লগ্ উড—Hæmatoxyli Wood.

হিমেটক্সাইলম্ বৃক্ষের আভ্যন্তরিক কাষ্ঠ।

প্রঃ রূঃ। ১। ডিককসন্ অব্ লগ্ উড্। (লগ্ উড্ ১ আং, দারুচিনিচূর্ণ ৬০ গ্রেণ, পরিশ্রুত জল ১ পাইণ্ট। মাত্রা ১—২ আং।)

২। এক্‌ষ্ট্রাক্ট অব্ লগ্ উড। (লগ্ উড্ ১ পৌণ্ড, স্ফুটিত পরিশ্রুত জল ১ গ্যালন। মাত্রা ১০—৩০ গ্রেণ্।)

স্বরূপ। দৃঢ়, রক্তবর্ণ, গন্ধ বিশেষ যুক্ত, মিষ্ট কষায় আস্বাদ।

ক্রিয়া। বিশুদ্ধ সঙ্কোচক।

ব্যবহার। পুরাতন উদরাময় ও অতিসার রোগে ক্বাথ উপকারী। ডিসেণ্ট্রিতে, জরায়ু ও ফুস্‌ফুস্ হইতে রক্তস্রাবে ব্যবহৃত হয়। শ্বেতপ্রদর রোগে আভ্যন্তরিক ও বাহ্যিক প্রয়োগ উপকারী। শিশুদিগের উদরাময় রোগে ইহা বিশেষ উপযোগী।

কেহ কেহ যক্ষ্মা জনিত ঘর্ম্মে ও ডায়াবিটিস্ রোগে ব্যবহার করেন।

৮ম সঙ্কোচক।

র‍্যাটানি রুট্—Kramariæ Root.

মাত্রা ১০—৩০ গ্রেণ।

ক্র্যামিরি ট্রায়াণ্ডা নামক গুল্মের শুষ্ক মূল।

প্রঃ রূঃ। ১। এক্‌ষ্ট্রাক্ট্ অব্ র‍্যাটানি। (স্থূলর‍্যাটানি চূর্ণ ১ পৌং পরিশ্রুত জল ১ গ্যালন। সিদ্ধ করণানন্তর সার গাঢ় করিবে। মাত্রা ৫—১০ গ্রেণ্।)

২। টিংচর অব্ র‍্যাটানি। (কুট্টিত র‍্যাটানি ২॥০ আং পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। পার্কলেশন দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১—২ ড্রাং।)

৩। ইনফিউসন্ অব্ র‍্যাটানি। (কুট্টিত র‍্যাটানি ।০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

স্বরূপ। শাখাবিশিষ্ট মূল। গন্ধহীন, কষায় আস্বাদ।

ক্রিয়া। বিশুদ্ধ সঙ্কোচক।

অসম্মিলন। চূণের জল, সীসশর্করা, লৌহঘটিত লবণ, দ্রাবক, আইওডিন এবং জেলেটিনযুক্ত লবণ।

ব্যবহার। নানা প্রকার অপ্রাদাহিক রক্তস্রাব নিবারণার্থ ব্যবহৃত হয়। উদরাময় ও অতিসার রোগেও ব্যবহার্য্য।

দাঁতের গোড়ার শিথিলতা প্রযুক্ত রক্তস্রাব আদি রোগে র‍্যাটানি চূর্ণের মঞ্জন বিশেষ উপযোগী। শ্বেতপ্রদর রোগে ইহার ক্বাথের পিচকারী, ওজিনা রোগে পিচকারী দ্বারা প্রয়োগ করিলে দুর্গন্ধ নিবারণ করিয়া উপকার দর্শায়। দন্ত রোগের চিকিৎসকেরা ইহার অরিষ্ট, জল সহযোগে সঙ্কোচক বলিয়া ব্যবহার করেন। মলদ্বার বিদারণ-ক্ষতে (ফিসর্ অব্ দি এনস্) ইহার সার বা অরিষ্টের পিচকারী অথবা ইহার সহিত মলম উপকারী।

৯ম সঙ্কোচক।

বেয়ার্ বেরি লীভস্—Uvæ Ursi Folia,

পত্রচূর্ণের মাত্রা ১০—২০ গ্রেণ।

ইউভা অর্শাই নামক বৃক্ষের পত্র।

প্রঃ রূঃ। ১। ইন্‌ফিউসন্ অব বেয়ার্ বেরি। (বেয়ার্ বেরি পত্র ।।০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং ।।০ মাত্রা১— আং।)

স্বরূপ। বাদামি আকার স্থূল, ॥৹ হইতে ১ ইঞ্চ দীর্ঘ, ঊর্দ্ধ প্রদেশ উজ্জ্বল, মসৃণ, হরিৎবর্ণ, নিম্ন ফিঁকা, শিরাময়।

রাসায়নিকতত্ত্ব। শতকরা ৩৬ অংশ গ্যালোট্যানিক্ ১॥৹ অংশ গ্যালিক এসিড্ ও আর্সিন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়া। সঙ্কোচক, অল্প বলকারক ও মূত্রকারক। অধিক মাত্রায় বিবমিষা ও বমনকারক।

অসম্মিলন। লৌহঘটিত ঔষধ, টার্টার এমেটিক্, সিঙ্কোনার ক্বাথ, নাইট্রেট্ অব্ সিল্ভর।

ব্যবহার। ইপিকাকুয়ানা দ্বারা বিষাক্ত হইলে ব্যবহৃত হয়। মূত্র-গ্রন্থির রোগজনিত মূত্রাশয়ের উগ্রতা নিবারণার্থ সাধারণ মাত্রাপেক্ষা কিছু অধিক মাত্রায় ব্যবহারে বিশেষ উপকার দর্শে। শ্বেতপ্রদর ও প্রমেহ রোগে ব্যবহৃত হয়। রক্তপ্রদর, বহুমূত্র ও পুরাতন অতিসার রোগে বিশেষ উপকারী।

১০ম সঙ্কোচক।

পাণ্ডুখদির—Pale Catechu.

মাত্রা ১০—৩০ গ্রেণ।

অনকেরিরা গ্যাম্বর বৃক্ষের পত্র ও শাখাগ্রের জলীয় সারের নাম পাণ্ডুখদির।

প্রঃ রূঃ। ১। ইন্‌ফিউজন্ অব্ ক্যাটিকিউ। (খদিরচূর্ণ ১৬০ গ্রেণ, দারুচিনিচূর্ণ ৩০ গ্রেণ, স্ফুটিত জল ১০ আং; মাত্রা ১—২ আং।)

২। কম্পাউণ্ড্ ক্যাটিকিউ পাউডর্। পাণ্ডুখদির ৪ আং কাইনো ২ আং, র‍্যাটানি ২ আং, জায়ফল ১ আং, দারুচিনি ১ আং। মাত্রা ২০—৪০ গ্রেণ।

৩। ইন্‌ফিউসন্ অব্ র‍্যাটানি। (কুট্টিত র‍্যাটানি ।॰ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। মাত্রা ১—২ আং।)

স্বরূপ। শাখাবিশিষ্ট মূল। গন্ধহীন, কষায় আস্বাদ।

ক্রিয়া। বিশুদ্ধ সঙ্কোচক।

অসম্মিলন। চূণের জল, সীসশর্করা, লৌহঘটিত লবণ, দ্রাবক, আইওডিন এবং জেলেটিনযুক্ত লবণ।

ব্যবহার। নানা প্রকার অপ্রাদাহিক রক্তস্রাব নিবারণার্থ ব্যবহৃত হয়। উদরাময় ও অতিসার রোগেও ব্যবহার্য্য।

দাঁতের গোড়ার শিথিলতা প্রযুক্ত রক্তস্রাব আদি রোগে র‍্যাটানি চূর্ণের মঞ্জন বিশেষ উপযোগী। শ্বেতপ্রদর রোগে ইহার ক্কাথের পিচকারী, ওজিনা রোগে পিচকারী দ্বারা প্রয়োগ করিলে দুর্গন্ধ নিবারণ করিয়া উপকার দর্শায়। দন্ত রোগের চিকিৎসকেরা ইহার অরিষ্ট, জল সহযোগে সঙ্কোচক বলিয়া ব্যবহার করেন। মলদ্বার বিদারণ-ক্ষতে (ফিসর্ অব্ দি এনস্) ইহার সার বা অরিষ্টের পিচকারী অথবা ইহার সহিত মলম উপকারী।

৯ম সঙ্কোচক।

বেয়ার্ বেরি লীভস্—Uvæ Ursi Folia,

পত্রচূর্ণের মাত্রা ১০—২০ গ্রেণ।

ইউভা অর্শাই নামক বৃক্ষের পত্র।

প্রঃ রূঃ। ১। ইন্‌ফিউসন্ অব বেয়ার্ বেরি। (বেয়ার্ বেরি পত্র ।।॰ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং ।।॰ মাত্রা ১— আং।)

স্বরূপ। বাদামি আকার স্থূল, ॥০ হইতে ১ ইঞ্চ দীর্ঘ, ঊর্দ্ধ প্রদেশ উজ্জ্বল, মসৃণ, হরিৎবর্ণ, নিম্ন ফিঁকা, শিরাময়।

রাসায়নিকতত্ত্ব। শতকরা ৩৬ অংশ গ্যালোট্যানিক্ ১॥০ অংশ গ্যালিক এসিড্ ও আর্ব্বিন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়া। সঙ্কোচক, অল্প বলকারক ও মূত্রকারক। অধিক মাত্রায় বিবমিষা ও বমনকারক।

অসম্মিলন। লৌহঘটিত ঔষধ, টার্টার এমেটিক্, সিঙ্কোনার ক্বাথ, নাইট্রেট্ অব্ সিল্‌ভর।

ব্যবহার। ইপিকাকুয়ানা দ্বারা বিষাক্ত হইলে ব্যবহৃত হয়। মূত্র-গ্রন্থির রোগজনিত মূত্রাশয়ের উগ্রতা নিবারণার্থ সাধারণ মাত্রাপেক্ষা কিছু অধিক মাত্রায় ব্যবহারে বিশেষ উপকার দর্শে। শ্বেতপ্রদর ও প্রমেহ রোগে ব্যবহৃত হয়। রক্তপ্রদর, বহুমূত্র ও পুরাতন অতিসার রোগে বিশেষ উপকারী।

১০ম সঙ্কোচক।

পাণ্ডু খদির—Pale Catechu.

মাত্রা ১০—৩০ গ্রেণ।

অন্‌কেরিরা গ্যাম্বর বৃক্ষের পত্র ও শাখাগ্রের জলীয় সারের নাম পাণ্ডু খদির।

প্রঃ রূঃ। ১। ইন্‌ফিউজন্ অব্ ক্যাটিকিউ। (খদিরচূর্ণ ১৬০ গ্রেণ, দারুচিনিচূর্ণ ৩০ গ্রেণ, স্ফুটিত জল ১০ আং; মাত্রা ১—২ আং।)

২। কম্পাউণ্ড্ ক্যাটিকিউ পাউডর্। পাণ্ডু খদির ৪ আং কাইনো ২ পাং, র‍্যাটানি ২ আং, জায়ফল ১ আং, দারুচিনি ১ আং। মাত্রা ২০—৪০ গ্রেণ।

৩। টিংচর অব্ ক্যাটিকিউ। (পাণ্ডুখদির স্থূল ২॥০ আং দারুচিনি ১ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। পার্কলেশন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—২ ড্রাম্।)

৪। লোজেঞ্জেস্ অব ক্যাটিকিউ। পাণ্ডুখদির চূর্ণ ৭২০ গ্রেণ, শর্করা ২৫ আং, আরবি গঁদচূর্ণ ১ আং, আরবি গঁদের মণ্ড ২ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন। ৭২০ ভাগ করিবে। প্রত্যেক চাক্তিতে ১ গ্রেণ ক্যাটিকিউ আছে। মাত্রা ১—৫ চাক্তি পর্য্যন্ত।)

ক্রিয়া। উৎকৃষ্ট সঙ্কোচক। আগ্নেয়।

অসম্মিলন। চূণের জল, যবক্ষার, ফটকিরি, মর্ফিয়া, ইপিকাকুয়ানা ইত্যাদি।

ব্যবহার। শ্বেতপ্রদর রোগে ইহার ফাণ্টের পিচকারী উপযোগী।

পারদ বা কোন কারণবশতঃ দন্তমাঢ় শিথিল হইলে ইহার কুল্য উপকারী। স্বরভঙ্গ রোগে ইহা উপকার করে। উদরাময় রোগে অহিফেণ সহযোগে ফলদায়ী। আহারের অনতিপূর্ব্বে ব্যবহার করা উচিত। চুচুক-ক্ষতে ইহার অরিষ্টের বাহ্যিক ব্যবহার উপকারী।

অপ্রাদাহিক ডিসেণ্ট্রিতে ব্যবহৃত হয়। পুরাতন ক্ষতে পূয নিঃসরণ হ্রাস করণার্থ ইহার স্থানিক ব্যবহার বিশেষ উপকারী।

১১শ সঙ্কোচক।

রক্তচন্দন—Red Sandal Wood.

টেরোকার্পস সেণ্টোলাইন্স্ বৃক্ষের কাষ্ঠ।

ঔষধের সুন্দর রং প্রস্তুত করিবার জন্য ব্যবহৃত হয়। ইহার তৈল প্রমেহ ও শ্বেতপ্রদর রোগে ১০—৩০ মিনিম্ মাত্রায় উপকার করে।

১২শ সঙ্কোচক।

গোলাব—Rosa Rosc.

ইহা তিন প্রকার। (ক) ডগ্ রোজ্, (খ) রেড্ রোজ, (গ) রোজা সেণ্টাফোলিয়া।

(ক) ডগ্ রোজ্। রোজেসি জাতীয় বৃক্ষের ফুল। হিপন্ নামক ইহার ফল ঔষধার্থ ব্যবহৃত হয়।

প্রঃ রূঃ। ১। কন্‌ফেক্‌সিয়া অব্ হিপস্ (বীজশূন্য হিপস্ ১ পৌং, শর্করা ২ পৌণ্ড।)

ক্রিয়া। সঙ্কোচক ও শৈত্যকারক।

(খ) রেড্ রোজ্—ইহার পুষ্প ব্যবহৃত হয়।

প্রঃ রূঃ। ১। কন্‌ফেক্‌সন্ (সরস পুষ্পদল ১ পৌং, শর্করা ৩ পৌং।)

২। এসিড্ ইন্‌ফিউজন্ (শুষ্কদল একের চার আং, জলমিশ্র গন্ধক দ্রাবক ১ ড্রাম, স্ফুটিত জল ১ পাইণ্ট। মাত্রা ১—৪ ড্রাম।)

৩। সিরপ্ অব্ রেড রোজ্। (গোলাবের শুষ্কদল ২ আং, শর্করা ৩০ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১ পাং। মাত্রা ১ ড্রাম।)

ক্রিয়া। সঙ্কোচক ও বলকারক অন্যান্য ঔষধ সহ ব্যবহৃত হয়।

(গ) রোজা সেণ্টাফোলিয়া। পুষ্পদল ব্যবহৃত হয়।

প্রঃ রূঃ। রোজ্ ওয়াটর্। (পুষ্পদল ১০ পৌং, জল ২ গ্যালন্। মাত্রা ১—২ আং।)

ব্যবহার। অন্যান্য ঔষধের সহিত সুগন্ধের জন্য ব্যবহৃত হয়। গোলাব জল চক্ষের প্রদাহে, প্রদাহ-নাশকরূপে ব্যবহৃত হয়।)

১৩শ সঙ্কোচক।

ফট্‌কিরি—Alum.

মাত্রা ১০—২০ গ্রেণ।

ইহার আস্বাদ তীক্ষ্ণ, কষায়। দেখিতে শ্বেতবর্ণ, স্বচ্ছ, কোণবিশিষ্ট, অগ্নিসন্তাপে গলিয়া খৈ প্রস্তুত হয়।

ক্রিয়া। বিশুদ্ধ সঙ্কোচক। অধিক মাত্রায় সেবনে বিষক্রিয়া করে। অল্প মাত্রায় অধিকদিন ব্যবহারে উদরে বেদনা ও ভারবোধ হয়। রক্ত-রোধক, বমনকারক ও ক্ষতাদিতে দাহক।

প্রঃ রূঃ। ১। বর্‌ণ্ট অ্যালম্। চীনপাত্রে ফট্‌কিরি রাখিয়া উত্তাপ দিলেই উহা প্রথমে গলিয়া যায়, পরে শুকাইলে তাহা গুঁড়া করিবে।

২। গ্লিসারীন্ অব্ অ্যালম্। (১ অংশ ফট্‌কিরি চূর্ণ, ৫ অংশ গ্লিসারীন্। চীনপাত্রে উত্তমরূপে দ্রব করিবে এবং দ্রব না হওয়া পর্য্যন্ত মৃদু সন্তাপ দিবে। ইহা স্থানিক প্রয়োগে উত্তম সঙ্কোচক।

ব্যবহার। মুখ, গলনালী ইত্যাদি স্থানের রোগে ইহা ব্যবহার্য্য। ক্রূপ্ রোগে ॥০ ড্রাম দ্বারা সহজে বমন করান যায়।

পুরাতন অতিসারে ডোভর্স পাউডর সহ, এবং পাইরোসিস্ রোগে ইহা দ্বারা উপকার পাওয়া যায়। উদরাময়রোগে ৮—১০ গ্রেণ ফট্‌কিরি কাইনো সহিত দেওয়া যায়। প্রল্যাপ্‌সস্ রেক্‌টাই রোগে ইহার পিচ-কারী মহোপকারক। বিশেষতঃ শিশুর পক্ষে বিশেষ ফলদায়ক। অর্শে প্রদাহ না থাকিলে রক্তস্রাব নিবারণ করিয়া উপকার করে।

বিবিধ রক্তস্রাবে ইহা উপকারী। জরায়ু হইতে রক্তস্রাব হইলে ইহার বাহ্যিক ও আভ্যন্তরিক ব্যবহারে বিশেষ উপকার করে। মুখ হইতে রক্তস্রাবে ইহার কুল্য ব্যবস্থা।

মূত্রযন্ত্র ও জননেন্দ্রিয়ের বিবিধ রোগ যথা—শ্বেতপ্রদর, প্রমেহ রোগে ইহার পিচকারী অশেষ উপকারী। হিউমেটিউরিয়া রোগে পিচকারী; এবং আভ্যন্তরিক ব্যবহার করা যায়।

দন্তমাড়ি শিথিল ও মাড়িতে ক্ষত হইলে ইহার কুল্য বিশেষ উপযোগী। অফ্থ্যাল্মিয়া (চক্ষু প্রদাহ) রোগে ইহার লোশন্ বড় উপকারী। শিশুদিগের পিউরিউলেণ্ট অফ্থ্যালমিয়ায় ইহার ধৌতের তুল্য আর ঔষধ নাই। হুপিং কফ্, রক্তোৎকাশ ও রক্তবমন নিবারণার্থ ফটকিরি কখন কখন ব্যবহৃত হয়। নাসিকা হইতে রক্তস্রাবে ইহার পিচকারী দেওয়া যায়।

হৃৎপিণ্ডের প্রসারণ ও এওয়ার্টা এনিউরিজম্ রোগে ব্যবহৃত হয়।

নীবন্; একৃথিমা ও রুপিয়া রোগে ইহা ব্যবহৃত হয়। টাইফইড্ জ্বরে ২—৫ গ্রেণ মাত্রায় উদরাময় নিবারণ করিয়া অশেষ উপকার করে। ডাক্তার মিগ্স্ এক ছোট চামচপূর্ণ চূর্ণ-ফটকিরি ক্রুপ রোগে অন্যান বমনকারক ঔষধাপেক্ষা শ্রেষ্ঠ জ্ঞান করেন।

১৪শ সঙ্কোচক।

সীস—Plumbum—Lead.

এই ধাতুঘটিত প্রায় সমস্ত ঔষধই সঙ্কোচক। কিন্তু ইহাদের ক্রিয়া দ্বিবিধ। (১) স্থানিক সঙ্কোচন ও অধিক মাত্রায় উগ্রতাসাধন, (২) শোষিত হইবার পর ব্যাপকক্রিয়া। ইহা হইতে প্রস্তুত নিম্নলিখিত কয়েকটী সঙ্কোচক বলিয়া ব্রিটীশ ফার্মাকোপিয়ায় গৃহীত হইয়াছে। (ক) সীস শর্করা, (খ) সল্যুউসন্ অব্ এসিটেট অব্ লেড্ (গ) সফেদা, (ঘ) মুদ্রাশঙ্খ, (ঙ) আইওডাইড্ অব্ লেড্ (চ) নাইট্রেট্ অব লেড্।

১৫শ সঙ্কোচক।

সীসশর্করা—Acetate of lead.

মাত্রা ১—৪ গ্রেণ্।

লিথার্জ (মুদ্রাশঙ্খ) ২৪ আং, এসেটিক্ এসিড্ (শির্কাম্ল) ২ পৌং, পরিস্রুত জল ১ পাং। দানাদার।

প্রঃ রূঃ। ১। লেড্ এণ্ড ওপিয়ম্ পিল্ (সীস শর্করাচূর্ণ ৩৬ গ্রেণ্, অহিফেনচূর্ণ ৬ গ্রেণ, গোলাবখণ্ড ৬ গ্রেণ্। ৮ গ্রেণে ১ গ্রেণ্ ওপিয়ম্ আছে। মাত্রা ৪—৮ গ্রেণ।)

২। কম্পাউণ্ড লেড সপোজিটরি (সীসশর্করা ৩৬গ্রেণ্, অহিফেনচূর্ণ ১২ গ্রেণ, বেণ্জোয়েটেড লার্ড্ ৪২ গ্রেণ, শ্বেতমোম ১০ গ্রেণ, অইল্ অব্ থিয়োব্রমা ৪০ গ্রেণ। ১২টী ভাগ করিবে। প্রত্যেকে ১গ্রেণ ওপিয়ম্)

৩। অয়েণ্টমেণ্ট অব্ লেড্ (সীস শর্করা ১২ গ্রেণ, বেণজোয়েটেড্ লার্ড ১ আং, একত্র মর্দ্দন করিবে।)

৪। গ্লিসারীন্ অব্ সব্ এসিটেট্ অব্ লেড্। (এসিটেট্ অব্ লেড্ ৫ আং অক্সাইড অব্ লেড্ চূর্ণ ৩॥০ আং, গ্লিসারীন্ ২০ আং পরিস্রুত জল ১২ আং।)

স্বরূপ। উজ্জ্বল শ্বেতবর্ণ, দানাবিশিষ্ট, সির্কার ন্যায় গন্ধযুক্ত, মিষ্ট ও কষায় আস্বাদ।

ক্রিয়া। সঙ্কোচক। অল্প মাত্রায় অধিক দিন ব্যবহারে অন্য পীড়া উৎপাদনের সম্ভাবনা। ইহার অবসাদনক্রিয়া ও দেখা যায়। অধিকমাত্রায় প্রাদাহিক বিষক্রিয়া করে।

ব্যবহার। (আভ্যন্তরিক) উদরাময় রোগে, পাকাশয়ে ক্ষত হইলে সীস শর্করা দ্বারা আশু ফল দর্শায়। রক্তাতিসারে, পল্ভ্ ইপিকাক্

কম্পাউণ্ড সহ বিশেষ ফলদায়ী। ওলাউঠা রোগে অহিফেন সহ কখন কখন ব্যবহৃত হয়। বিবিধ রক্তস্রাবে, যথা, রক্তোৎকাশ, রক্তবমন, রক্তপ্রস্রাব, রক্তভেদ, ইত্যাদিতে ।০—॥০ গ্রেণ অহিফেন সহ ২ গ্রেণ সীসশর্করা প্রয়োগ করা যায়।—রক্তস্রাব হইয়া গর্ভপাতের আশঙ্কা হইলে ইহা দ্বারা উপকার পাওয়া যায়। কাস রোগে শ্লেষ্মা নিঃসরণ নিবারণ জন্য এবং মূত্রমেহ রোগে ইহা অতীব উপকারী। জ্বরের শেষাবস্থার উদরাময়ে, যক্ষ্মাজনিত উদরাময়ে, ইহা বিশেষ উপযোগী। মূত্রমেহ, অতিঘর্ম্ম ও কাশরোগে উপকারী।

বাহ্যিক। হার্নিয়াতে ও প্রমেহতে পিচকারী ও কোন চর্ম্মপ্রদাহে ইহার স্থানিক ব্যবহার উপকারী। হার্নিয়াতে ১০—৬০ গ্রেণ মাত্রায়, ৬—২৪ আং উষ্ণ জলে দ্রব করিয়া তাহার পিচকারী ব্যবহারে নিউহোল্ সাহেব উপকার পাইয়াছেন। পূযজজ্বরে পূযনিঃসরণ নিবারণ করিয়া (হেক্‌টিক্‌জ্বরে) উপকার করে। কোন স্থান হইতে আঘাতবশতঃরক্তস্রাব হইলে ইহা সঙ্কোচক, রক্তরোধক, অবসাদক ও বেদনানিবারক হইয়া সমূহ প্রতীকার করিয়া থাকে।

১৬শ সঙ্কোচক।

সল্যুসন্ অব্ সব্ এসিটেট্ অব্ লেড্।

Liquor plumbi Subacetatis.

সীস শর্করা ৫ আং, মুদ্রাশঙ্খ ৩॥০ আং, পরিশ্রুত জল যথা প্রয়োজন। অগ্নির উত্তাপে ফুটাইয়া পরে শীতল হইলে পরিশ্রুত জল সহ, ১ পাইণ্ট পূর্ণ করিবে।

প্রঃ রূঃ।। ডাইল্যুইটেড্ সল্যুউসন্ অব্ এসিটেট্ অব্ লেড্। (গোলার্ড্স্ সল্যুউসন্) সল্যুউসন্ অব্ এসিটেট অব্ লেড্ ২ড্রাম্, শোধিত সুরা ২ ড্রাম্, পরিশ্রুত জল ১৯॥০ আং।)

স্বরূপ। বর্ণহীন, মিষ্টকষায় আস্বাদ, স্বচ্ছ, গাঢ়।

ক্রিয়া। ইহার আভ্যন্তরিক ব্যবহার হয় না। সঙ্কোচক ও ও অবসাদক।

ব্যবহার। পুরাতন ক্ষতে, ইরিসিপেলাস্, হার্পিজ্, ইরিথিমা, ইম্পিটাইগো ইত্যাদি চর্ম্মরোগে অনেক উপকার করে। দগ্ধক্ষতে বিশেষ উপকারী। শ্বেতপ্রদর রোগে ইহার পিচকারী বিশেষ উপযোগী। প্রুরাইটস্ পিউডেণ্ডাই, প্রুরাইটস্ স্কোটাই রোগে ইহার মলম বড় উপকারী।

পূযযুক্ত চক্ষুপ্রদাহে ইহা বিশেষ উপযোগী। ইহার আভ্যন্তরিক প্রয়োগ প্রায় হয় না, কিন্তু কথিত আছে হাইড্রোফোবিয়াতে বিশেষ উপকার করিয়া থাকে।

১৭শ সঙ্কোচক।

মুদ্রাশঙ্খ। (লিথার্জ) Oxide of Lead.

সীস যখন বায়ুতে দগ্ধ হয়, তখন ইহা প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। লেড্ প্ল্যাষ্টার্। (অক্সাইড্ অব্ লেড্, ৫ পাং জলপাইয়ের তৈল ১০ পাং, জল ৫ পাং) ধূনার ও সাবানের পলাস্তা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়)।

১৮শ সঙ্কোচক।

সফেদা—Carbonate of Lead.

সব্ এসিটেট্ অব্ লেডে কার্ব্বনিক্ এসিড্ বায়ু চালাইলে ইহা প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। অইণ্টমেণ্ট অব্ কার্ব্বনেট্ অব্ লেড্। (সঙ্কেঃ ৬২ গ্রেণ, মোমের মলম ১ আং)

স্বরূপ। শ্বেতবর্ণ চূর্ণ, গন্ধাস্বাদ হীন, ভারি।

ক্রিয়া। আভ্যন্তরিক ব্যবহার হয় না।

১৯শ সঙ্কোচক।

আইওডাইড্ অব্ লেড্—Plumbi Iodidum.

মাত্রা ।০—৪ গ্রেণ।

নাইট্রেট্ অব্ লেড্ ৪ আং, আইওডাইড্ অব্ পটাশ্ ৪ আং, পরিশ্রুত জল যথা প্রয়োজন।

প্রঃ রূঃ। ১। আইওডাইড্ অব্ লেড্ অইণ্টমেণ্ট (আইওডাইড অব্ লেড্ ৬২ গ্রেণ, মোমের মলম ১ আং।)

২। আইওডাইড্ অব্ লেড্ প্ল্যাষ্টার্ (আইওডাইড্ অব্ লেড্ ১ আং, সাবান পলাস্ত্রা ৮ আং, রজন পলাস্ত্রা ১ আং)

স্বরূপ। পীতবর্ণ চূর্ণ, গন্ধাস্বাদহীন, ভারি। এক অংশ সীস ও ১ অংশ আইওডিন্ আছে।

ক্রিয়া। সঙ্কোচক, শোষক, পরিবর্ত্তক। বাহ্য প্রয়োগে অল্প উত্তেজক।

ব্যবহার। পুরাতন প্লীহা রোগে কখন কখন ॥০—২ বা ৩ গ্রেণ মাত্রায় ব্যবহার হয়। নানা প্রকার চর্ম্মরোগে, ও সন্ধির রোগে ইহার মলম ব্যবহার হয়।

২০শ সঙ্কোচক।

নাইট্রেট্ অব্ লেড্—Plumbi Nitras.

স্বঃ। দানাদার।

ক্রিয়া। আভ্যন্তরিক ব্যবহার হয় না। পচন নিবারক ও দুর্গন্ধহারক; সঙ্কোচক।

N. B. :—ইহা স্মরণ রাখা উচিত যে, সীস ধাতু অধিক ব্যবহারে বিষাক্ত হইতে পারে। বিষাক্ত হইলে উপযুক্ত রূপ চিকিৎসা করা কর্ত্তব্য।

আইওডাইড্ অব্ লেড্, লাইকর্ প্লম্বাই সব্ এসিট্যাটিস্ ও প্লম্বাই এসিট্যাটিস ভিন্ন প্রায় সীসধাতু ঘটিত অন্য ঔষধের আভ্যন্তরিক ব্যবহার হয় না। সীসধাতু ঘটিত অধিকাংশ ঔষধ সঙ্কোচক, দাহক ও অবসাদক।

২১শ সঙ্কোচক।

হেমেমেলিস্—উইচ্ হেজেল্—Hamamelis.

হেমেমেলেসি জাতীয় হেমেমেলিস্ ভর্জিনিকা নামক বৃক্ষের পত্র, বল্কল ও তরুণ শাখাগ্র। আমেরিকার যুক্তরাজ্য হইতে আনীত হয়।

ফার্ম্মাকোপিয়ায় ইহার বল্কল ও পত্র গৃহীত হইয়াছে।

১। হেমেমেলিডিস্ কর্টেক্স—হেমেমেলিস্ বল্কল। নলাকার বা ঈষৎ বক্র খণ্ড খণ্ড। ইহার উপরিস্থিত ত্বক্ তুলিয়া ফেলিলে দেখিতে দারুচিনির ন্যায় কোনরূপ গন্ধ প্রায় নাই, অল্প কষায় আস্বাদ বিশিষ্ট।

প্রঃ রূঃ। ইহা হইতে টীংচ্যুরা হেমেমেলিডিস্ প্রস্তুত হয়। ৪০ নং চূর্ণ বল্কল ১ আং, ১০ আউন্স প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া ইহা প্রস্তুত হয়। মাত্রা ২—৫ মিনিম্।

২। হেমেমেলিডিস্ ফোলিয়া—হেমেমেলিস্ পত্র। এই পত্র শুষ্কাবস্থায় আনীত হয়।

ইহা হইতে লিকুইড্ এক্‌ষ্ট্রাক্‌ট্ অব্ হেমেমেলিস্ প্রস্তুত হয়। ৪০ নং চূর্ণ, শোধিত সুরা ও পরিশ্রুত জল মিশ্রণে পার্কোলেসন্ দ্বারা উপযুক্ত উপায়ে প্রস্তুত হয়। মাত্রা ২ হইতে ৫ মিনিম্।

অঙ্গুয়েণ্টম্ হেমেমেলিডিস্—হেমেমেলিসের মলম। ১ আং লিকুইড্ এক্‌ষ্ট্রাক্‌ট্ অব্ হেমেমেলিস্ ও ৯ আং সিম্পল্ অয়েণ্টমেণ্ট, একত্রে মিশ্রিত করিলে প্রস্তুত হয়।

ক্রিয়া। প্রবল সঙ্কোচক, রক্তরোধক, ও শ্লৈষ্মিক স্রাব রোধক।

ব্যবহার। বিবিধ প্রকার রক্তস্রাবে যথা রক্তবমন, রক্তকাশ, অন্ত্র হইতে রক্তস্রাব, মেনরজিয়া, প্রসবান্তে রক্তস্রাব প্রভৃতি রোগে আশু প্রতিকার করে। প্রসবান্তে রক্তস্রাবেও সত্বরে রক্তস্রাব বন্ধ করে। অর্শরোগে লোসন্‌রূপে দিবসে ৩।৪ বার প্রয়োগ করিবে ও হেজেলিনে এক খণ্ড বস্ত্র ভিজাইয়া অর্শের বলির উপর দিয়া রাখিলে বিশেষ উপকার হয়। শোণিতস্রাবী অর্শে ১ ড্রাম্ ইহার টীংচার্ ৩ আং শীতল জলে মিশ্রিত করিয়া শয়নকালে পিচকারী গ্রহণে আশু শান্তি হয়। থেঁতলান ক্ষতে এক কিম্বা ২ ড্রাম ইহার টীংচার্ ১ আউন্স জলে মিশাইয়া প্রয়োগে বিশেষ উপকার দর্শে।

২২শ সঙ্কোচক।

ইউকেলিপ্‌ট্রাই গম্মাই—ইউকেলিপ্‌টস্ গম্—

Eucalypti Gummi.

মাত্রা ২—১০ গ্রেণ্।

ইউকেলিপ্টস্ রস্‌ট্রেটা ও এই জাতীয় অন্যান্য বৃক্ষের বল্কল হইতে ইহা পাওয়া যায়। ইহা দেখিতে উজ্জ্বল লোহিত বর্ণাভ গঁদ। এজন্য সচরাচর ইহাকে লোহিত গঁদও বলে।

স্বঃ। ইহা শতকরা ৮০—৯০ অংশ জলে ও শোধিত সুরায় সম্পূর্ণ দ্রবনীয়।

ক্রিয়া। চর্ব্বণে মুখাভ্যন্তরস্থ শ্লৈষ্মিক ঝিল্লী আকুঞ্চিত হয়। ইহার সঙ্কোচক ক্রিয়া শ্লৈষ্মিক ঝিল্লীতেই বিশেষ প্রকাশ পাইয়া থাকে।

ব্যবহার। বিবিধ উদরাময়ে এই গঁদ ব্যবহৃত হইয়া উপকার দর্শিয়াছে। কোন কারণ বশতঃ তালু, গলনলী, দন্তমূলাদির শিথিলতায় ইহার কুল্লি বিশেষ উপকার করে। স্থানিক রক্তস্রাব, যথা নাসিকা হইতে রক্তস্রাব, যোনি ও অন্ত্র হইতে রক্তস্রাব ইত্যাদিতে ইহার পিচকারী প্রয়োগে উপকার হয়। কোন কারণ বশতঃ ক্ষত হইতে রক্তস্রাব হইতে থাকিলে ইহা জলে গুলিয়া ক্ষতোপরি লাগাইলে সত্বরে রক্তস্রাব বন্ধ হয়।

অবসাদক।

(ক) ধামনিক অবসাদক;—টার্ট্যারেটেড এণ্টিমনি, অক্সাইড অব্ এণ্টিমনি, সল্যুসন্ অব্ ক্লোরাইড অব্ এণ্টিমনি, ব্ল্যাক্ এণ্টিমনি, নাইট্রেট অব্ পটাশ্, সাইট্রিক্ এসিড্, লেমনজুস্, টার্ট্যারিক্ এসিড্, এসেটিক্ এসিড্, অক্জ্যালিক্ এসিড্।

(খ) স্নায়বীয় অবসাদক;—ডিজিট্যালিস্ ফোলিয়া, ট্যাবাসি ফোলিয়া, লোবেলিয়া, একোনাইট্, ভেরাট্রম এল্বম, ভিরাট্রি ভিরিডিস্ র‍্যাডিক্স্, স্যাভিডিলা, সিমিসিফিউগা, ষ্ট্যাফিসেগ্রায়ী সেমিনা, ষ্ট্রোফ্যান্থস্।

(গ) মাস্তিষ্ক অবসাদক,—ফেরেসোয়েনাইড অব্ পটাশিয়ম্, হাইড্রোসিয়ানিক্ এসিড্ ডাইলিউটেড্, চেরিলরেল লিভ্স্, বিটার আমণ্ড্স্, ক্লোরফরম্, হাইড্রেট অব্ ক্লোরাল্, হেমলক্,

লেট্যুস্, হাইড্রেট্ অব্ বিউটিল্ ক্লোরাল্, জেল্সিমিয়ম্, প্যারাল্ডিহিড্, সল্ফোন্যাল্।

(ঘ) কশেরুকা মাজ্জেয় অবসাদক—ক্যালীবার্ বীন্।

১ম অবসাদক।

টার্টারেট্ এণ্টিমনি—Antimonium Tartaratum.

মাত্রা { বমন করণার্থ ১—২ গ্রেণ,
অবসাদনার্থ $\frac{১}{৮}$—॥০ গ্রেণ,
স্বেদজনন ও কফনিঃসরণার্থ $\frac{১}{১৬}$—$\frac{১}{৮}$ গ্রেণ।

অক্সাইড্ অব্ এণ্টিমনি ৫ আং, পটাশ্ টার্টারেট্ অব্ এণ্টিমনি ৬ আং, পরিশ্রুত জল ২ পাইণ্ট।

প্রঃ রূঃ। ১। অইণ্টমেণ্ট্ অব্ টার্টেরেট্ অব্ এণ্টিমনি। (টার্টার এমেটিক্ ।০ আং, মোমের মলম ১ আং)

২। এণ্টিমোনিয়াল্ ওয়াইন্। (টার্টার এমেটিক্ ৪০ গ্রেণ, সেরি ১ পাইণ্ট; প্রতি আউন্সে ২ গ্রেণ্ টার্টার এমেটিক্ আছে। মাত্রা ১০—৩০ মিনিম্।) ঘর্ম্মকারক ও কফনিঃসারক।

স্বঃ। দানাদার, গন্ধহীন, মিষ্ট ও কষায়, দানাদার।

ক্রিয়া। ধামনিক অবসাদক, শৈত্যকারক, স্বেদজনক, কফনিঃসারক, মূত্রকারক, পরিবর্ত্তক, বমনকারক, বিরেচক ও বাহ্যপ্রয়োগে চর্ম্মের উগ্রতাসাধক।

ব্যবহার। অবিরাম জ্বরে উপকার করে। জ্বরে নিদ্রা করণার্থ টার্টার্ এমেটিক্ কিঞ্চিৎ অহিফেণের অরিষ্ট সহযোগে বিশেষ উপকার করে। পর্য্যায়জ্বরে বমন জন্য ব্যবহৃত হয়।

তরুণ যকৃৎ-প্রদাহে কেহ কেহ ইহা অনুমোদন করেন।

।০ গ্রেণ্ মাত্রায় কিঞ্চিৎ যবক্ষারদ্রাবক সহ প্রয়োগ করা বিধেয়। নিউমোনিয়াতে কেহ কেহ ইহার বিস্তর প্রশংসা করেন। ভেদ বমন হইলে কিছু অহিফেণ সহ ব্যবস্থা করিবে।

ক্রুপ্ রোগ, যতক্ষণ না রোগের উপশম হয়, ততক্ষণ বিবমিষা জনক মাত্রায় প্রয়োগ করা উচিত। বিউবো, ও অফ্থ্যালমিয়াতে ব্যবহৃত হয়।

রক্তোৎকাশে রক্তসঞ্চালনের বেগ অধিক থাকিলে বিবমিষা জনক মাত্রায় প্রয়োগে উপকার হয়। যেন বমন না হয়। মদাতঙ্ক রোগে ইহা একটী প্রধান ঔষধ। অহিফেণ সহ ব্যবস্থা। উন্মাদরোগে রোগী দুর্দ্দম্য হইলে ইহা ব্যবহারে সময়ে সময়ে উপকার হয়।

হুপিংকফ্ রোগে টার্টার্ এমেটিক্ ১ গ্রেণ, টীং ওপিয়ম্ ২০ মিনিম্, জল ২ আং ব্যবস্থা। ১ ড্রাম্ মাত্রায় ৪।৫ ঘণ্টান্তর বিধেয়। রোগের প্রথম হইতে ব্যবহার করা উচিত। ইহা আস্বাদহীন বলিয়া বালকদিগের পক্ষে বিশেষ উপযোগী। ডাক্তার চার্চহিল্ বলেন, জরায়ুমুখের কাঠিন্য বশতঃ প্রসবে বিলম্ব হইলে টার্টার এমেটিক্ দ্বারা বিলক্ষণ উপকার দর্শে।

টার্টার এমেটিক্ দ্বারা কখন কখন অন্ত্র পরিষ্কারও হইয়া থাকে। ।০ গ্রেণ টার্টার্ এমেটিক্, ১ ড্রাম্ এপ্সম্ সল্ফেট্ সহ ব্যবস্থা।

প্রসবান্তে স্তন প্রদাহে ও প্লুরসিতে ব্যবহৃত হয়।

ইরিসিপেলাস্ রোগে রোগের প্রথম অবস্থায় বিবমিষা জনক মাত্রায় ব্যবহারে ডাঃ ওয়াল্সের মতে সমূহ উপকারী।

তরুণ অণ্ডপ্রদাহে বিবমিষা জনক মাত্রায় প্রয়োগে যাতনার হ্রাস ও বেদনার হ্রাস হয়।

অন্ত্রে শ্লেষ্মার অভাব বশতঃ কঠিন মলের নির্গমন জন্য ইহা ব্যবহার করিয়া কোন কোন চিকিৎসক সুন্দর ফল পাইয়াছেন। মস্তিষ্কাবরণ

প্রদাহ (মেনিন্‌জাইটিস্), মূত্রগ্রন্থিপ্রদাহ (নিফ্রাইটিস্), যকৃৎপ্রদাহ (হিপ্যাটাইটিস্), প্লুরাইটিস্ (ফুস্‌ফুস্-আবরণ-দাহ) প্রভৃতি আভ্যন্তরিক যন্ত্রের প্রদাহ সমূহে উপকারী।

বালকদিগের প্যারালিসিসে্‌তে, ইহার মলমের স্থানিক মর্দ্দন উপকারী, হিষ্টিরিয়াতে ১/১৬—১/৪ গ্রেণ ব্যবহৃত হয়।

২য় অবসাদক।

সল্‌ফিউরেট্ এণ্টিমনি—Antimonium Sulphuratum.

মাত্রা— { পরিবর্ত্তক ১—৫ গ্রেণ্, বমনকারক ৫—২০ গ্রেণ্।

সুরমী—১০ আং, সোডাদ্রব ৪৷৷০ পাইণ্ট, জলমিশ্র গন্ধক দ্রাবক যথা প্রয়োজন, পরিশ্রুত জল যথা প্রয়োজন।

স্বঃ। দেখিতে কমলালেবুর রংএর ন্যায়, গন্ধাস্বাদহীন চূর্ণ।

ব্যবহার। পুরাতন যকৃৎ রোগেও পুরাতন উপদংশ রোগে কখন কখন ব্যবহৃত হয়। পরিবর্ত্তকরূপে সেকেণ্ডরী সিফলিস্, বাত রোগে ব্যবহৃত হয়।

৩য় অবসাদক।

অক্‌সাইড্ অব্ এণ্টিমনি—Antimonii Oxidum.

মাত্রা ১—৪ গ্রেণ্।

টর্‌ক্লোরাইড্ অব্ এণ্টিমনি দ্রব ১৬ আং, কার্ব্বনেট্ অব্ সোডা ৬ আং, পরিশ্রুত জল ২ গ্যালন্, পরিশ্রুত জল আবশ্যক মত।

প্রঃ রূঃ। এণ্টিমনিয়াল্ পাউডর—(অক্‌সাইড্ অব্ এণ্টিমনি ১ আং, প্রিসিপিটেটেড্ ফস্ফেট্ অব্ লাইম্ ২ আং, একত্র মিশ্রিত করিবে। মাত্রা ১০ গ্রেণ।)

স্বরূপ। গন্ধাস্বাদবিহীন শ্বেতবর্ণ চূর্ণ।

ক্রিয়া। প্রায়ই টার্টার্ এমেটিকের ন্যায়। জ্বরাদি রোগে ব্যবহৃত হয়। নিউমোনিয়া ও ক্যাটার্‌তে ঘর্ম্মকারক বলিয়া কখন ব্যবহৃত হয়।

৪র্থ অবসাদক।

সল্যুসন অব্ ক্লোরাইড্ অব্ এণ্টিমনি।

Liquor Antimoni chloridi.

সল্ফিউরেট্ অব্ এণ্টিমনি ১ পৌং, লবণ দ্রাবক ৪ পাইণ্ট।

স্বরূপ। গাঢ়, পীত লোহিত বর্ণ দ্রব।

ব্যবহার। দাহক বলিয়া বাহ্য প্রয়োগ হয়। কিন্তু আভ্যন্তরিক ব্যবহার হয় না।

৫ম অবসাদক।

ব্ল্যাক্ এণ্টিমনি—Antimonium Ngram.

খনি হইতে অপরিষ্কৃত অবস্থায় প্রাপ্ত হওয়া যায়।

৬ষ্ঠ অবসাদক।

নাইট্রেট্ অব পটাশ্—Pottasæ Nitras.

মাত্রা { ৫—২০ গ্রেণ শৈত্যকারক ও মূত্রকারক,
২০—৩০ গ্রেণ ধামনিক অবসাদক।

ইতর ভাষায় ইহাকে কলমী সোরা বলে। সচরাচর মৃত্তিকা সহিত মিশ্রিতাবস্থায় প্রাপ্ত হওয়া যায়। পরে তাহা হইতে প্রস্তুত হয়।

স্বরূপ। গন্ধহীন লোনা আস্বাদ, কোণ বিশিষ্ট দানা।

রাসায়নিক উপাদান। যবক্ষারদ্রাবক ১ অংশ, পটাশ্ ১ অং।

ক্রিয়া। ধামনিক অবসাদক। মূত্রকারক, স্বেদজনক। অধিক মাত্রায় ব্যবহারে বিষলক্ষণ সমূহ উপস্থিত হয়।

ব্যবহার। জ্বররোগে শৈত্য, ঘর্ম্মকরণ জন্য ব্যবহৃত হয়। বাতরোগে ইহা বিশেষ উপযোগী। তরুণ, পুরাতন ও ঔপদংশিক বাতের উপশম জন্য ব্যবহৃত হয়। তরুণ বাতে ১ আং যবক্ষার, ৩ পাউণ্ড্ জলে দ্রব করিয়া আভ্যন্তরিক ও বাহ্যিক প্রয়োগে অতি চমৎকার ফল দর্শে। শ্বাসনালী প্রদাহের প্রথমাবস্থায় টার্টার্ এমেটিক্ সহ উপকারী।

ডাক্তার গ্যারড্ বলেন স্কর্ভী রোগে ইহা বিশেষ উপকারী। রক্তোৎকাশ ও অন্যান্য আভ্যন্তরিক রক্তস্রাবে ইহা ব্যবহৃত হয়। গণোরিয়াতে নাইট্রেট অব্ পটাশ ও গঁদচূর্ণমিশ্র বিশেষ ফলদায়ক।

৭ম অবসাদক।

জম্বীর রস—Lemon juice.

মাত্রা ২ ড্রাম—১ আউন্স।

অরান্সিয়েসি জাতীয় সাইট্রস্ লিমোনম্ বৃক্ষের ফলের রস।

প্রঃ রূঃ। সিরপ্ অব্ লেমন্স্ (জম্বীর রস ১ পাং, সরস জম্বীর ত্বক্ ২ আং, শর্করা ২।০ পৌং। মাত্রা ১ ড্রাম।)

স্বঃ। অস্বচ্ছ, অম্লাস্বাদ, পীতবর্ণ, সদ্গন্ধযুক্ত।

ক্রিয়া। ধামনিক অবসাদক, শৈত্যকারক, স্কর্ভিনিবারক।

ব্যবহার। স্কর্ভী রোগের মহৌষধ। এই জন্য যখন কোন জাহাজ সমুদ্রে যায়, তখন প্রচুর পরিমাণে জম্বীর রস সঙ্গে লইয়া যায়। জ্বররোগে লেমন্ সিরপ্ শৈত্যপানীয়রূপে বিশেষ উপাদেয়।

অতিসার, উদরাময় এবং ডিসেণ্ট্রির জন্যও ব্যবহৃত হয়।

লেমন্ অইল্ কর্ণিয়া ক্ষতে প্রথমতঃ উত্তেজিত হইয়া পরে উপকার

করে। তরুণ বাতে উপকারী। পূর্ণমাত্রায় ৩।৪ ঘণ্টান্তর ব্যবহার করা যায়।

জয়পাল ও ক্ষার দ্বারা বিষাক্ত হইলে ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়।

৮ম অবসাদক।

জম্বীরাম্ল—Citric Acid.

মাত্রা ১০—৩০ গ্রেণ।

ইহা প্রস্তুত করণার্থ জম্বীর রস ৪ পাং, বিশুদ্ধ খড়ি ৪॥০ আং, গন্ধক দ্রাবক ২॥০ আং, আর পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ।

স্বরূপ। গন্ধ ও বর্ণহীন, অম্লাস্বাদ, কোণযুক্ত দানা বিশিষ্ট।

ক্রিয়া। পূর্ব্বোক্ত ঔষধের ন্যায় ইহাও স্কর্ভীনিবারক, ধামনিক অবসাদক।

অসম্মিলন। ক্ষার, ক্ষারকার্ব্বনেট্, সলফেট্।

ব্যবহার। জ্বররোগে শর্করা সহিত মিশ্রিত করিয়া ব্যবহারে পিপাসা নিবারণ করে, ঘর্ম্ম করে। স্কর্ভী রোগে বিশেষ উপকার করে।

৯ম অবসাদক।

দ্রাক্ষাম্ল—Tartaric Acid.

মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রঃ রূঃ। ইহা হইতে নিম্নলিখিত একার্ তেসিন্ ড্রক্ট্ প্রস্তুত হইয়া থাকে।

উচ্ছলপানীয় প্রস্তুত জন্য ২০ গ্রেণ্ কার্ব্বনেট্ অব্ সোডা, ২০ গ্রেণ কার্ব্বনেট্ অব্ পটাশ, ২০ গ্রেণ্ কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ইহার সহিত

ক্রমান্বয়ে ৩৩॥০, ২৭, এবং ১৫॥০ গ্রেণ্ দ্রাক্ষাম্লের প্রয়োজন হইয়া থাকে।

তেঁতুল, দ্রাক্ষা প্রভৃতি হইতে ইহা পাওয়া যায়। টার্টারেট্ অব্ পটাশ্ ৪৫ আং, পরিশ্রুত জল, খড়ি, ১২॥০ আং, ক্লোরাইড্ অব্ ক্যাল্-সিয়ম্ ১৩॥০ আং, গন্ধকদ্রাবক ১৩ আং। এই সমস্ত দ্রব্য টার্টারিক্ এসিড্ প্রস্তুত করিতে প্রয়োজন হয়।

ক্রিয়া। ধামনিক অবসাদক, ও শৈত্যকারক। অধিক মাত্রায় ব্যবহারে বিষক্রিয়া করে।

অসম্মিলন। ক্ষার, ক্ষারকার্ব্বনেট্ দ্রাবক, চূণের জল, রৌপ্য-ঘটিত ঔষধ।

ব্যবহার। ইহার শ্লেষ্মা তরলীকরণ গুণ থাকায় অন্ত্র মধ্যে অধিক শ্লেষ্মা থাকিলে ব্যবহৃত হয়।

১০ম অবসাদক।

সির্কাম্ল—Acetic Acid.

মাত্রা ৫—১৫ মিনিম্।

তিন প্রকার সির্কাম্ল ঔষধে ব্যবহৃত হয়।

(১) এসিটম্, (২) এসেটিক্ এসিড্ (৩) গ্লেসিয়াল্ এসেটিক্ এসিড।

প্রঃ রূঃ। ১। ডাইলিউটেড্ এসেটিক্ এসিড্ (সির্কাদ্রাবক) ১ পাইণ্ট, পরিশ্রুত জল ৭ পাইণ্ট। মাত্রা ১—২ ড্রাম।

২। অক্জিমেল্ (সির্কামধু), (বিশুদ্ধ মধু ৪০ আং, সির্কাম্ল ৫ আং, পরিশ্রুত জল ৫ আং। মাত্রা ১—২ ড্রাম্।) জরাদি রোগে শৈত্য-পানীয়ার্থ ব্যবহৃত হয়।

যে তিন প্রকার সির্কাম্লের কথা উক্ত হইয়াছে, তাহাদের প্রস্তুত করণ নিয়ম।

১ম। শর্করা দ্রব অথবা শর্করাযুক্ত উদ্ভিজ্জ রস হইতে প্রস্তুত হয়। অম্লাস্বাদ, বিশেষ সদ্‌গন্ধযুক্ত। এম্‌প্লাষ্ট্রম্ সিরেটাই সেপোনিস্ প্রস্তুত করিতে প্রয়োজন হয়।

২য়। সির্কাম্ল কাষ্ঠকে খণ্ড খণ্ড করিয়া লৌহ বকযন্ত্রে অগ্নির উত্তাপে চুয়াইলে অপরিশুদ্ধ অবস্থায় সির্কাম্ল পাওয়া যায়। লাইকর্ মর্ফি এসি-টেটিস্, এসিটম্ সিলি, অক্‌জিমেল্, সিরপ অব্ সিলি, অক্‌জিমেল্ সিলি ইত্যাদি প্রস্তুত করিতে ব্যবহৃত হয়। ইহা তীক্ষ্ণ অম্লস্বাদযুক্ত।

৩য়। এসিটেট অব্ পটাশ্ ২০ আং, গন্ধকদ্রাবক ৮ আং একত্র করিয়া চুয়াইলে ইহা পাওয়া যায়। অম্লাস্বাদ ও সির্কাগন্ধযুক্ত।

ক্রিয়া। ধামনিক অবসাদক, শৈত্যকারক, সঙ্কোচক, ঘর্ম্মকারক, মূত্রকারক, ক্ষারনাশক; আগ্নেয়। বাহ্য প্রয়োগে দাহক, স্ফোটকারক, পচননিবারক।

ব্যবহার। জ্বরে পিপাসানাশক, ঘর্ম্মকারক, গাত্রদাহনিবারক বলিয়া পানীয় রূপে ব্যবহৃত হয়।

কোন স্থান পুড়িয়া গেলে তথায় ইহা দিবামাত্র আশু উপকার করে। যক্ষ্মাতে অতি ঘর্ম্ম, জরায়ু ও নাসিকা হইতে রক্তস্রাব নিবারণ জন্য বিশেষ উপযোগী।

মস্তিষ্কে রক্তাধিক্য বশতঃ মাথা ধরিলে ইহার স্থানিক প্রয়োগ অতীব উপকারক।

আঁচিল, কড়া ইত্যাদিতেও দাহক হইয়া উপকার করে। নির্জ্জল এসেটিক্ এসিড্ রিং ওয়ারম্ (দাউদ) রোগের একটী চমৎকার ঔষধ; লিণ্ট ভিজাইয়া স্থানিক প্রয়োগ করা যাইতে পারে। তালুর ক্ষতে ও গলমধ্য ক্ষতে ধূম গ্রহণ ফলপ্রদ, স্কর্ভীতে উপকারী। স্কালে টিনাতে ব্যবহৃত হয়। স্ত্রীলোকের স্তনে ঠুন্‌কা (স্ফোটক) হইলে প্রথম অব-স্থায় উষ্ণ সির্কা ২৪ ঘণ্টাকাল প্রয়োগ করিলে, প্রায় আরোগ্য হয়।

জরায়ু হইতে শোণিতস্রাব হইলে জল মিশ্রিত সির্কায় বস্ত্র খণ্ড ভিজাইয়া যোনি মধ্যে প্রবিষ্ট করাইলে উপকার দর্শে।

---

১১ অবসাদক।

অক্‌জ্যালিক এসিড্—Oxalic Acid.

মাত্রা ॥০—২ গ্রেণ।

দেশীয় আমরুল ইত্যাদি হইতে কিছু পরিমাণে মিশ্রিত অবস্থায় পাওয়া যায়।

ক্রিয়া। ধামনিক অবসাদক, শৈত্যকারক ও মূত্রকারক।

ইহা ঔষধ জন্য প্রায় ব্যবহৃত হয় না। ইহা একটী প্রবল বিষ। অতি অল্পে বিষলক্ষণ দৃষ্ট হইয়া থাকে। প্রয়োগ করিলে হৃৎপিণ্ডের ও ধমনীর গতি অতি মন্দ হয়। কাপড়ে ইংরাজী কালি লাগিলে ইহা দ্বারা সুন্দররূপে পরিস্কার করা যায়।

১২শ অবসাদক।

ডিজিট্যালিস্—Digitalis.

মাত্রা ॥০—১॥০ গ্রেণ।

স্ক্রফিউলেরিয়েসি জাতীয় বৃক্ষের শুষ্ক পত্র।

প্রঃ রূঃ। ১। ইন্‌ফিউজম্ অব্ ডিজিটেলিস্। (ডিজিটেলিসের পত্র ২৮ গ্রেণ, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। একঘণ্টা ভিজাইয়া রাখিবে। মাত্রা ২ ড্রাম—৪ ড্রাম্)।

২। টিংচার্ অব্ ডিজিটেলিস্। (ডিজিটেলিস্ পত্র কুট্টিত ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট্। মাত্রা ১০ মিনিম—৩০ মিনিম।)

ডিজিটেলিস্ অধিক পরিমাণে ব্যবহার করিলে তাহার ক্রিয়া নিম্নলিখিতরূপে প্রকাশ পায়।

১ম অবস্থায় হৃৎপিণ্ডের স্নায়ুর উত্তেজন আর কৈশিক নাড়ীর রক্তসঞ্চালনরোধ বশতঃ নাড়ীর আয়তন বৃদ্ধি হয়; কিন্তু নাড়ী টান (tight) থাকে।

২য় অবস্থায় নাড়ীর মন্দগতি সত্ত্বেও এক এক বার হৃৎস্পন্দন হয়; তাহার কারণ ভেগস্ স্নায়ু অবসন্ন হয়, তজ্জন্য হৃৎপিণ্ডের সিম্প্যাথেটিক্ স্নায়ুকে ভেগস্ স্নায়ু সমভাবে রাখিতে অক্ষম হয়।

৩য় অবস্থায় ভেগস্ স্নায়ু সম্পূর্ণরূপে অবসন্ন হয়, তজ্জন্য সিম্প্যাথেটিক্ স্নায়ুর ক্রিয়া প্রবল হয়।

৪র্থ অবস্থায় ভেগস্, সিম্প্যাথেটিক্ এবং কৈশিক স্নায়ু সকলের পক্ষাঘাত হয়।

ক্রিয়া। স্নায়বীয় অবসাদক, হৃৎপিণ্ডের স্থৈর্য্যকারক, বলকারক, রক্তরোধক, শৈত্যকারক এবং মূত্রকারক। রক্তসঞ্চালন অধিক এবং অসম হইলে ডিজিট্যালিস্ হৃৎপিণ্ডের স্থৈর্য্য সম্পাদন করিয়া উহার ক্রিয়া বলবতী করে।

ব্যবহার।—মদাতঙ্কে, বিবিধ প্রাদাহিক রোগে যথাঃ—প্লুরসি, নিউমোনিয়া, শ্বাসকাশ, ব্রংকাইটিস্, ক্রুপ, এপিলেপ্সি, প্রবল উন্মাদ রোগে, একিউট্ মেনিঞ্জাইটিস্ এবং অন্যান্য রোগে ব্যবহৃত হয়।

রক্তরোধ হইয়া রক্তোৎকাশ, রজোধিক, নাসিকা হইতে রক্তস্রাব এবং প্রসবান্তে ও অন্যান্য রক্তস্রাবে বিশেষ উপকারক।

হৃৎপিণ্ডের রোগজনিত শোথ হইলে ডিজিট্যালিস্ মূত্রকারক হইয়া উপকার করে। স্কুইল্ অথবা ব্লুপিল্ সহ ব্যবস্থা করিবে। প্রমেহ, শুক্রমেহ আদি রোগে উপযোগী।

উদরী রোগেও ফলদায়ক কিন্তু পূর্ব্বোক্ত রোগের ন্যায় নহে। হাইড্রো-ক্যাভেটেড্ এবং ওভেরিয়ান্। ড্প্সিতে উপকার করে। উদরী রোগে আভ্যন্তরিক প্রয়োগে শীঘ্র উপকার দেয়। হাইপার-

ট্ফিতে ব্যবহার হয়। জ্বরে, ইরিসিপেলাসে নাড়ীর গতি মন্দ করণার্থ কখন কখন ডিজিট্যালিস ব্যবহার হয়। কিন্তু কখন কখন উপকার না করিয়া বরঞ্চ অপকার করে। কলিক্ (colic pain) বেদনায় উপকার হয়।

১৩শ অবসাদক।

তাম্রকূট—Leaf-Tobacco.

সেলেনেসি জাতীয় নাইকোটিয়ানা ট্যাবাকম্ নামক বৃক্ষের শুষ্ক পাতা।

ক্রিয়া। স্নায়বীয় অবসাদক, মূত্রকারক, লালনিঃসারক, ক্ষুৎকারক, বমনকারক, বলকারক, স্থানিক উগ্রতাসাধক।

ইহার নাইকোটিনা নামক বীর্য্য তীক্ষ্ণ বিষ। অতি অল্প মাত্রা সেবনে বিলক্ষণ সমূহ লক্ষিত হয়। সুতরাং তাহা ব্যবহার না করাই ভাল।

কখন কখন বাতরোগে ইহা ব্যবহার হয়। কিন্তু কেহ ব্যবহার করেন কিনা সন্দেহ।

টিটেনস রোগে কেহ কেহ ব্যবহার করেন। শ্বাশকাশে ধূমপান আক্ষেপ নিবারক হইয়া উপকার করে।

১৪শ অবশাদক।

একোনাইট্—Aconite,

মাত্রা ১—৫ গ্রেণ।

একোনাইটম্ ন্যাপেলস্ নামক বৃক্ষের শুষ্ক মূল, পত্র, ফুল।

প্রঃ রূঃ। (১) টিংচর্ একোনাইট্ (একোনাইট্ মূলচূর্ণ ২॥০ আং, শোধিত সুরা ২০ আং। মাত্রা ৫—১৫ মিনিম্ কিন্তু ১।২ মিনিম্ ব্যবহার হয়)।

(২) লিনিমেণ্ট অব্ একোনাইট্ (একোনাইট্ মূলচূর্ণ ২০ আং, কর্পূর ১ আং, শোধিত সুরা ৩০ আং অথবা প্রয়োজনানুরূপ। ২০ আং হইলে কর্পূর মিশাইবে)।

(৩) এক্‌ষ্ট্রাক্‌ট্ অব্ একোনাইট্। (সরস পুষ্প ও পত্রের রস হইতে প্রস্তুত হয়। মাত্রা ।০—২ গ্রেণ)।

একোনাইসিয়ার প্রয়োগরূপ। অইণ্টমেণ্ট অব্ একোনাইসিয়া। (একোনাইসিয়া ৮ গ্রেণ, শূকরের বসা ১ আং, শোধিত সুরা ॥০ ড্রাম)।

স্বঃ। পত্রের উপরি প্রদেশ গাঢ় সবুজবর্ণ, নিম্নদেশ অপেক্ষাকৃত অল্প সবুজ, মসৃণ, ৫ খণ্ডে বিভক্ত। মূল মূলার ন্যায় দেখিতে, ১৩ ইঞ্চ লম্বা, অঙ্গুলি অপেক্ষা স্থূল নহে। পুষ্প ধূসরবর্ণ।

ক্রিয়া। অল্প মাত্রা সেবনে ওষ্ঠদ্বয় ঝন্ ঝন্ করে। ইহার ক্রিয়া স্নায়বীয় অবসাদক, বেদনানিবারক, বলকারক, মূত্রকারক। স্থানিক প্রয়োগে বেদনানিবারক, স্পর্শহারক, উগ্রতাসাধক।

ব্যবহার। মূত্রকারক, তজ্জন্য শোথ রোগে ব্যবহৃত হয়। তরুণ ও পুরাতন বাত রোগে অতীব ফলদায়ক। স্থানিক মর্দ্দন ও আভ্যন্তরিক ব্যবহার করিবে।

নিউর্যাল্‌জিয়াতে ইহার আভ্যন্তরিক ব্যবহার উপকারী। হাইপারট্রফি এবং অন্যান্য পীড়াজনিত হৃৎপিণ্ডের অতি স্পন্দন নিবারণের জন্য ইহা ব্যবহার হয়। প্রদাহ ও প্রাদাহিক জ্বর নিবারণের ইহা একটী অদ্বিতীয় মহৌষধ। স্নায়ুশূলের ইহা একটী উত্তম ঔষধ। অস্মদ্দেশের স্বল্পবিরাম জ্বর এবং সূতিকাজ্বরে বিবেচনা-পূর্ব্বক ইহা প্রয়োগ করিতে পারিলে বিশেষ উপকার দর্শে। অর্দ্ধ মিনিম্ মাত্রায় ইহার টীংচার ২ ড্রাম জল সহ প্রতি ঘণ্টায় বা ঘণ্টার মধ্যে প্রয়োজনমতে ২।৩ বার সেবন করিতে দিলে সত্বরে সমূহ উপকার দর্শে।

শ্বাশকাশের প্রথমাবস্থা, প্রমেহরোগের প্রথমাবস্থা ও তরুণ আমাশয় রোগের প্রথমাবস্থায়, ইহা সুন্দর কার্য্য করে।

বাহ্যপ্রয়োগে ইহার নিলিমেণ্ট বিবিধ প্রকার নিউর‍্যাল্জিয়া ও বাত রোগের একটী অতি চমৎকার মহৌষধ।

একোনাইসিয়া। একোনাইটের প্রবল ও তীক্ষ্ণ বীর্য্য। ১/৫ গ্রেণ্ মাত্রা ব্যবহারেও ভয়জনক লক্ষণ সমূহ উৎপন্ন হওয়াতে প্রায় ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয় না। কিন্তু অইণ্টমেণ্ট রূপে ইহার বাহ্যিক প্রয়োগ অধিক পরিমাণে হইয়া থাকে। নিউর‍্যালজিয়া, ও বিবিধ প্রদাহে ইহা অত্যন্ত উপকারক বলিয়া ব্যবহার হয়।

১৫শ অবসাদক।

লোবিলিয়া—Lobelia.

চূর্ণের মাত্রা { ২—৫ গ্রেণ্ অবসাদক।
১০—২০ গ্রেণ্ বমনকারক।

লোবিলিয়া ইন্ফ্লেটা নামক পুষ্পিত বৃক্ষ।

প্রঃ রূঃ। (১) টিংচর্ লোবিলিয়া (শুষ্ক, কুট্টিত লোবিলিয়া ২॥০ আং, পরীক্ষিত সুরা ২০ আং। মাত্রা, ১০—৩০ মিনিম্)।

(২) ইথিরিয়েল টিংচর্ অব লোবিলিয়া (শুষ্ক, কুট্টিত লোবিলিয়া ২॥০ আং, স্পিরিট অব্ ইথর্ ২০ আং। মাত্রা ১০ মিনিম্—৩০ মিনিম্ এবং তদূর্দ্ধ।)

স্বঃ। ইহার সমস্ত বৃক্ষই ঔষধে ব্যবহার হয়। ইহার এক প্রকার বিশেষ গন্ধ ও এক প্রকার উগ্র আস্বাদ আছে।

ক্রিয়া। অল্প মাত্রায় ঘর্ম্মকারক, আক্ষেপনিবারক ও কফ নিঃসারক। অধিক মাত্রায় বমনকারক বা বিরেচক। আরও অধিক মাত্রায় প্রয়োগ করিলে তামাকের ন্যায় বিষাক্তের লক্ষণ সকল উপস্থিত হয়।

অন্যান্য ঘর্ম্মকারক ঔষধের সহিত ব্যবহার হয়। তামাক যে উদ্দেশ্য সাধনার্থ ব্যবহার হয়, ইহাও প্রায় সেই জন্য ব্যবহার হয়। ক্রুপ্, হুপিংকফ্, যক্ষ্মা, হাঁফানি ইত্যাদি কাশ রোগে উপকারী। আক্ষেপনিবারক বলিয়া কাশের উগ্রতা নিবারণ করে।

১৬শ অবসাদক।

স্যাবেডিলা—Sabedilla,

অ্যাসৃগ্রিয়া নামক বৃক্ষের শুষ্ক ফল। ইহার বীর্য্যের নাম ভেরাট্রিয়া।

প্রঃ রূঃ। ভেরাট্রিয়া হইতে প্রস্তুত।

এই ফল ॥০ ইঞ্চ লম্বা, ইহাতে তিনটী কোষ আছে। প্রত্যেকে প্রায় ১। ৩ বিচি থাকে তাহাদের আকার ।০ ইঞ্চ ও উজ্জ্বল, কৃষ্ণবর্ণ, অত্যন্ত উগ্র তিক্তাস্বাদ।

ক্রিয়া। অবসাদক। প্রায় ব্যবহার হয় না। কখন কখন কৃমি রোগে ব্যবহার হয়।

ভেরাট্রিয়া—Veratria,

মাত্রা $\frac{১}{৫০}$ $\frac{১}{১৬}$ গ্রেণ।

প্রঃ রূঃ। অইণ্টমেণ্ট অব্ ভেরাট্রিয়া—(ভেরাট্রিয়া ৮ গ্রেণ, শূকরের বসা ১ আং, ওলিভ্ অইল্ ॥০ ড্রাম্)।

ক্রিয়া। স্নায়বীয় ও ধামনিক অবসাদক, বেদনানিবারক, আভ্যন্তরিক প্রয়োগে বিবমিষা ও বমন উপস্থিত এবং উদরাময় হয়। নাড়ীর গতি মন্দ হয়, শারীরিক উষ্ণতার হ্রাস হয়, অবশেষে অচৈতন্যাবস্থা উপস্থিত হইয়া পরিশেষে মৃত্যু পর্য্যন্তও ঘটে। স্থানিক প্রয়োগে উত্তেজক।

ব্যবহার। রিউম্যাটিজম্ ও গাউট প্রভৃতি বাতে উপকারক, নিউর‍্যালজিক বেদনায় ইহার অইণ্টমেণ্ট বিশেষ উপকারক—একোনাইটের পরিবর্ত্তে ব্যবহার হয়। দন্ত শূলে স্থানিক প্রয়োগে উপকার হয়। প্রুরাইটস্ রোগে স্থানিক ও আভ্যন্তরিক ব্যবহার হইয়াছে।

১৭শ অবসাদক।

গ্রিন্‌হেলেবোর্‌রুট—Viratri Viridis Rhizoma.

মাত্রা ১—২ গ্রেণ।

মেলান্থেসি জাতীয় ভিরাট্রম্ ভিরিডি নামক বৃক্ষের কন্দ।

প্রঃ রূঃ। টিংচর্ অব্ গ্রিন্ হেলেবোর্ (গ্রিন্ হেলেবোর্ মূলচূর্ণ ৪ আং, শোধিত সুরা ১ পাইণ্ট্। মাত্রা ৫—২০ মিনিম্)।

ক্রিয়া। স্নায়বীয় এবং ধামনিক অবসাদক। অধিক পরিমাণে ব্যবহারে বমন উপস্থিত হয়। বিষ-ক্রিয়া করে।

ব্যবহার। পাকাশয়প্রদাহ ব্যতীত নানাপ্রকার প্রদাহে অবসাদন জন্য ব্যবহার হয়।

তরুণ বাত রোগ্ সমূহে উপকারী। অহিফেণ সহযোগে ব্যবহার করা কর্ত্তব্য।

গাউট্ রোগে এবং স্থানিক বেদনা ও স্নায়ুশূলেও উপকার করে।

১৮শ অবসাদক।

সিমিসিফিউজি রিজোমা—সিমিসিফিউগা—

Cimicifugæ Rhizoma.

চূর্ণের মাত্রা ২০—৬০গ্রেণ্।

সিমিসিফিউগা রেসিমোসা বা একটিয়া রেসিমোসা বৃক্ষের শুষ্ক কন্দ ও মূল।

প্রঃ রূঃ। ১। একৃষ্ট্রাক্‌টম্‌ সিমিসিফিউজি লিকুইডম্‌ অর্থাৎ লিকুইড্‌ একৃষ্ট্রাকৃট্‌ অব্‌ সিমিসিফিউগা (সিমিসিফিউগা চূর্ণ ২০ আং, শোধিত সুরা প্রয়োজনানুরূপ। যথাবিধ প্রক্রিয়ায় প্রস্তুত করিবে। মাত্রা ৩—৩০ মিনিম্‌।)

২। টীংচ্যুরা সিমিসিফিউজি—অর্থাৎ টীংচার অব্‌ সিমিসিফিউগা। (সিমিসিফিউগা চূর্ণ ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ১৫—৬০ মিনিম্‌।)

স্বঃ। ৪।৫ ইঞ্চ দীর্ঘ, ১ ইঞ্চ স্থূল কন্দ। এই কন্দের গাত্র হইতে সূত্রবৎ সূক্ষ্ম ভঙ্গুর শাখা প্রশাখা সম্বলিত উপমূল সকল বহির্গত হয়। ইহার বাহ্যদেশ ধূসরবর্ণ, অভ্যন্তর প্রদেশ শ্বেতবর্ণ। একরূপ গন্ধ ও তিক্ত আস্বাদযুক্ত। ইহাতে সিমিসিফিউজিন নামক ধূনাযুক্ত বীর্য্যও এক প্রকার বায়িতৈল আছে।

ক্রিয়া। ইহার প্রধান ক্রিয়া ধামনিক ও স্নায়বীয় অবসাদক। অধিক মাত্রায় সেবনে নাড়ীর বেগ ও বলের হ্রাস হয়, শিরোঘূর্ণন, বিবমিষা, ও বমন উপস্থিত হয়, দৃষ্টির ব্যাঘাত জন্মে। জরায়ুর উপর বিশেষ ক্রিয়া প্রকাশ করে, কিন্তু আর্গটের ন্যায় ইহার ক্রিয়া অবিরলভাবে না হইয়া সবলে হইয়া থাকে। তদ্ব্যতীত ইহা কফনিঃসারক।

ব্যবহার। কোরিয়া, স্নায়ুশূল, তরুণ ও পুরাতন বাত এবং বসন্ত রোগে ইহাদ্বারা বিশেষ উপকার দর্শে। পুরাতন বাত অপেক্ষা তরুণ বাতে অপেক্ষাকৃত সুফল দর্শে। দুই দুই ঘণ্টা অন্তর প্রযুজ্য।

যক্ষ্মা, সর্দ্দি, ইনফ্লুয়েঞ্জা, ব্রন্‌কাইটিস্‌ প্রভৃতি রোগে বিশেষ উপকারিতার সহিত ব্যবহৃত ও অনুমোদিত হইয়াছে। বিবিধ প্রকার শিরঃপীড়ায় বিশেষতঃ অধিক পরিশ্রম ও জরায়ুর পীড়াজনিত শিরঃপীড়ায় ব্যবহার করিতে অনেক বিজ্ঞ চিকিৎসক অনুরাগ প্রকাশ করিয়া থাকেন।

এমিনোরিয়া, রজোহধিক, জরায়ুর ক্রিয়া-বিকৃত বশত প্লুরোডাইনিয়া প্রভৃতি জরায়ুর বিবিধ রোগে ইহা ব্যবহার করা যাইতে পারে।

১৯শ অবসাদক।

ফাইসষ্টিগ্ মেটিস্ সিমেন—ক্যালাবার্ বিন্—Calabar Bean.

মাত্রা ১—৪ গ্রেণ্।

লিগিউমিনোসি জাতীয় ফাইসোষ্টিগ ম্যা ভেনেনোসম্ বৃক্ষের ফল।

প্রঃ রূঃ ১। একৃষ্ট্রাকৃট্ অব্ ক্যালাবার্ বিন্ (ক্যালাবার্ বিন্ চুর্ণ ১ পৌং, শোধিত সুরা ৪ পাইণ্ট। মাত্রা ১/১৬—।০ গ্রেণ)।

২। ফাইসষ্টিগ্ মিনা—ইহাকে সাধারণতঃ এসেরিন কহে। ক্যালাবার বিন্ হইতে প্রস্তুত সুরা বীর্য্য ঘটিত সারকে জলে দ্রব ও বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ মিশ্রিত করিয়া ইথর সহ নাড়িতে থাকিবে, ইথর উড়িয়া গেলে ইহা প্রস্তুত হয়। মাত্রা ১/১০০—১/৫০ গ্রেণ্।)

৩। ডিস্ক অব ফাইসষ্টিগ্ মিন্ (গ্লিসরীন্ মিশ্রিত জেলেটিনে ক্ষুদ্র চাক্তি প্রস্তুত হয়। প্রতি চাক্তিতে ১/১০০০ গ্রেণ্ ফাইসষ্টিগ্ মিন্ আছে।

স্বঃ। বীজের বর্ণ উজ্জ্বল পাটলবর্ণ। প্রায় ১ ইঞ্চ দৈর্ঘ্য এবং ॥০ ইঞ্চ স্থূল; ইহার মধ্যে দুটী দাইল আছে।

ক্রিয়া। কশেরুকামজ্জার অবসাদক, ভেদ ও বমনকারক, সাক্ষাৎ সম্বন্ধে ইহা মস্তিষ্কের উপর কোন ক্রিয়া দর্শায় না। চক্ষুতে লাগাইলে চক্ষুর কনীণিকা আকুঞ্চিত হয়।

ব্যবহার। কোরিয়াতে ব্যবহার হয়, কিন্তু অন্য ঔষধ থাকিতে ইহা কদাচ ব্যবহার হয় না। টিটেনস্ ও ষ্ট্রিকৃনিয়া বিষাক্ত রোগীকে ইহা সেবন করাইলে বিশেষ উপকার পাওয়া যায়। চক্ষুর পীড়াতে কনীণিকা আকুঞ্চিত করিবার জন্য ইহার এক্‌ষ্ট্রাকৃটের সল্যুসন্ ব্যবহার হয়। ইরিসিপেলাস্, তরুণ বাতজনিত জ্বর, ব্রঙ্কাইটিস্ প্রভৃতি রোগেও ব্যবহার হয়।

২০শ অবসাদক।

ষ্ট্যাফিসেগ্রায়ী সেমিনা—ষ্ট্যাভেসেকর্ সিড্স্

Staphisagriæ Semina.

রেনানকিউলেসি জাতীয় ডেল্‌ফিনিয়ম্ ষ্ট্যাফিস্যাগ্রিয়া নামক বৃক্ষের পক্ব শুষ্কবীজ।

প্রঃ রূঃ। অঙ্গুয়েণ্টম্ ষ্ট্যাফিস্যাগ্রিয়ি অর্থাৎ ওয়েণ্টমেণ্ট অব্ ষ্ট্যাভেসেকর্। (ষ্ট্যাভেসেকর্ বীজ চূর্ণ ৪ আং, বেন্‌জোয়েটেড্ লার্ড ৮ আং। মিশ্রিত করিয়া লইবে।)

স্বঃ। কাঁচা অবস্থায় দেখিতে কৃষ্ণপাটলবর্ণ, শুষ্ক হইলে ধূসর পাটলবর্ণ, ত্রিকোণ বা চতুষ্কোণ বিশিষ্ট ফল। গন্ধহীন কিন্তু কদর্য্য তিক্তাস্বাদবিশিষ্ট। ইহার ক্রিয়া প্রধানতঃ এতন্ন্যস্থ ডেল্‌ফিনাইন্ ষ্ট্যাফিসেগ্রিনের উপর নির্ভর করে।

ক্রিয়া। প্রবল অবসাদক। আভ্যন্তরিক প্রয়োগে অবসন্নতা উপস্থিত করিয়া প্রাণ বিনষ্ট করে, এজন্য প্রায় আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

ব্যবহার। বিবিধপ্রকার স্নায়ুশূল, কর্ণশূল ও দন্তশূল প্রভৃতি রোগে এবং শ্বাসকাসে আক্ষেপনিবারকরূপে কেহ কেহ ইহা ব্যবহার করিয়াছেন।

২১শ অবসাদক।

ষ্ট্রোফ্যান্থস্—Strophanthus.

এপোনেসি জাতীয় ষ্ট্রোফ্যান্থস্ হিস্পিডস্ নামক লতার পক্ববীজ।

প্রঃ রূঃ। টীংচার্ অব্ ষ্ট্রোফ্যান্থস্। (ষ্ট্রোফ্যান্থস্ বীজ শুষ্কচূর্ণ ১ আং, বিশুদ্ধ ইথর্ ও শোধিত সুরা প্রত্যেক প্রয়োজনানুরূপ। পার্কোলেশন্ প্রক্রিয়ায় প্রস্তুত করিবে। মাত্রা ২—১০ মিনিম্।)

ক্রিয়া। ইহার ক্রিয়া প্রধানতঃ হৃদ্‌পিণ্ডের পেশীর উপর প্রকাশ পায় ও সত্বরে বিষলক্ষণ প্রকাশিত হয়। উপযুক্ত মাত্রায় ইহা মূত্রকারক ও হৃদ্‌পিণ্ডের বলকারক। অধিকমাত্রায় প্রবল বিষক্রিয়া করে।

ব্যবহার। বিবিধ উৎকট জ্বরের দুর্ব্বলাবস্থায় ডিজিট্যালিস্ দ্বারা কোন কার্য্য না হইলে ইহা হৃদ্‌পিণ্ডের বলবিধান করিয়া সমূহ উপকার করে। ডিজিট্যালিসের ন্যায় ইহার ক্রিয়া সঞ্চিত হইয়া প্রকাশ করে না। পরিপাক যন্ত্রের বিশৃঙ্খলতা থাকিলে সাবধানে প্রয়োগ করিতে হইবে, যেহেতু ইহা দ্বারা সময়ে সময়ে উক্ত বিশৃঙ্খলতার সহিত স্থানিক উত্তেজনা আনীত হয়।

টীটেনস্ রোগে ইহার টীংচার ২ মিনিম্ মাত্রায় ৩ ঘণ্টান্তর সেবন করিতে দিলে উপকার হয়।

হৃদ্‌পিণ্ডের পীড়া বশতঃ শোথরোগে ও অন্যান্য কারণোদ্ভূত শোথ রোগে ইহাদ্বারা বিশেষ উপকার দর্শে। এঞ্জাইনা পেক্‌টোরিস্ রোগেও উপকার হয়।

২২শ অবসাদক।

পটাশিয়াই ফেরোসায়েনাইডম্—ফেরোসায়েনাইড্ অব্ পটাশিয়ম্—Potassi Ferrocyanidum.

কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ও লৌহ সহযোগে লৌহপাত্রে শৃঙ্গ, ক্ষুর ও চর্ম্মাদি জান্তব পদার্থ গলাইয়া জলসহ লিক্‌সিভিয়েসন্ নামক উপায়ে পৃথক্ করিয়া পরে তাহা দানা বাঁধিলে ইহা প্রস্তুত হয়।

স্বঃ। বৃহদাকার পীতবর্ণবিশিষ্ট দানা, জলে দ্রবণীয়, সুরাবীর্য্যে অদ্রবণীয়।

সায়েনাইড্ অব্ পটাশিয়ম্ ও হাইড্রোসিয়ানিক্ এসিড প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

সায়েনাইড্ অব্ পটাশিয়ম্। ফেরোসায়েনাইড্ অব্ পটাশিয়ম্ লোহিতোত্তপ্ত করিয়া প্রক্রিয়া বিশেষ দ্বারা ইহা প্রস্তুত হয়।

ইহা ভয়ানক বিষ। আভ্যন্তরিক ব্যবহার হয় না। বিস্‌মথ সংশোধনার্থ ইহা ফার্ম্মাকোপিয়ায় ব্যবহৃত হয়।

হাইড্রোসিয়ানিক্ এসিড ডাইলিউটেড্।

Diluted Hydrocyanic Acid.

মাত্রা ২—৮ মিনিম্ (জল সহিত মিশ্রিত)।

এই হাইড্রোসিয়ানিক্ এসিডে শতকরা ২ অংশ হাইড্রোসিয়ানিক্ এসিড আছে। এই এসিড্ প্রস্তুত নিমিত্ত, ফেরোসিয়ানাইড্ অব্ পট্যাসিয়ম ২।০ অংশ, গন্ধকদ্রাবক ১ আং, পরিস্রুত জল ৩০ আং বা যথাপ্রয়োজন আবশ্যক হয়।

প্রঃ রূঃ। ভেপর্ এসিডাই হাইড্রোসিয়ানিসাই। (ডাইলিউট হাইড্রোসিয়ানিক্ এসিড ১০—১৫ মিনিম্, জল ১ ড্রাম; মিশ্রিত করিয়া ইহার আঘ্রাণ লইতে হইবে।

স্বঃ। বর্ণহীন, স্বচ্ছ, তরল পদার্থ, একপ্রকার বিশেষ গন্ধ ও আস্বাদ-যুক্ত। অগ্নির উত্তাপে উড়িয়া যায়। অম্লধর্ম্মবিশিষ্ট; কারণ, লিটমস্ কাগজকে আরক্তিম করে।

ক্রিয়া। নির্জ্জল এসিড্। এ পর্য্যন্ত যত দ্রব্য আবিষ্কৃত হইয়াছে তাহার সকল অপেক্ষা প্রবল বিষ; অধিক মাত্রায় ব্যবহারে কয়েক সেকেণ্ড মধ্যেই জীবনবায়ু নিঃশেষিত হয়, অল্পমাত্রায়ও মৃত্যু ঘটাইয়া থাকে। যখন অধিক জল মিশ্রিত করা যায় তখন ইহা ঔষধার্থ ব্যবহার হয়। তখন ইহার ক্রিয়া বেদনানিবারক, আক্ষেপনিবারক, বমননিবারক, মস্তিষ্ক উত্তেজক।

ব্যবহার। বমন ও ভেদ নিবারণের জন্য ইহা একটী উত্তম ঔষধ। শ্বাসকাস, এবং অন্যান্য ফুস্‌ফুস্‌প্রদাহে ব্যবহৃত হয়। কোরিয়া, হিষ্টি-

রিয়া, এপিলেপ্‌সি,' এবং টিটেনস্‌ প্রভৃতিতে আক্ষেপ নিবারক বলিয়া ব্যবহৃত হয়।

কখন কখন ইহা হৃৎপিণ্ডের অতি স্পন্দন নিবারণ করে। পাকাশয়-শূল, গ্যাষ্ট্রডিনিয়া প্রভৃতিতেও ব্যবহার হয়। কলেরাতে কখন কখন উপকার করে। ইহার ভেপর্‌ ফুস্‌ফুসের প্রদাহ নিবারণ করিবার জন্য ব্যবহৃত হয়। যক্ষ্মাকাসের উদরাময়ে লগ্‌উড্‌, অহিফেন ও চক্‌ দ্বারা কোন উপকার না দর্শিলে ইহা দ্বারা উপকার হয়।

বাহ্যপ্রয়োগ। চর্ম্মের প্রদাহ নিবারণ করে। বাত, গাউট্‌ রোগে ইহা বিশেষ উপকার দর্শায়। নিউর‍্যাল জিয়াতেও ব্যবহার হয়। ইম্পিটাইগো, ও সোরায়াসিসিতে প্রদাহ ও বেদনা নিবারণ করিয়া উপকার করে।

২৩শ অবসাদক।

ক্লোরফরম্‌—Chloroform.

মাত্রা ১—১০ মিনিম্‌। শর্করাপাক বা মণ্ড সহ ব্যবস্থা।

ক্লোরিনিটেড্‌ লাইম্‌ ১০ পাং, শোধিত সুরা ৩০ আং, জল ৩ গ্যালন্‌, ক্লারাইড্‌ অব্‌ ক্যালসিয়ম্‌ ২ আং, আর্দ্র চূণ, গন্ধকদ্রাবক প্রয়োজনানুরূপ, পরিশ্রুত জল ৯ আং।

প্রঃ রূঃ। ১। ক্লোরফরম্‌ লিনিমেণ্ট (ক্লোরফরম্‌ ২ আং, ক্যাম্ফর লিনিমেণ্ট ২ আং)।

২। স্পিরিট্‌ অব্‌ ক্লোরফরম্‌ (ক্লোরফরম্‌ ১ আং, শোধিত সুরা ১৯ আং। মাত্রা ৫—৬০ মিনিম্‌)।

৩। কম্পাউণ্ড টিংচর্‌ অব্‌ ক্লোরফরম্‌ (ক্লোরফরম্‌ ২ আং, শোধিত সুরা ৮ আং, কম্পাউণ্ড টিংচর অব্‌ কার্ডেমম্‌ ১০ আং। মাত্রা ১০—৬০ মিনিম্‌)।

৪। একোয়াক্লোরফরম্ (ক্লোরফরম্ ১ ড্রাম্, পরিশ্রুত জল ২৫ আং। মাত্রা ॥০—২ আং)।

স্বঃ। বর্ণহীন, স্বচ্ছ, তরল, মিষ্টাস্বাদ, জল অপেক্ষা গুরু সুতরাং জল ইহার উপর ভাসে।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগে ইহা অবসাদক ও আক্ষেপ নিবারক, কখন কখন পর্য্যায়নিবারক।

বাহ্যপ্রয়োগ। বেদনা নিবারক, উত্তেজক, প্রত্যুগ্রতাসাধক। ইহার গন্ধ আঘ্রাণ লইবামাত্র মস্তিষ্কে তাহার ক্রিয়া দর্শায়, দর্শন ও স্মরণশক্তির হ্রাস হয়। যখন অল্প পরিমাণে আঘ্রাণ লওয়ান যায়, তখন মনে স্ফূর্ত্তি জন্মে। অধিকক্ষণ পর্য্যন্ত যদ্যপি রোগীকে আঘ্রাণ করান যায়, তাহা হইলে সম্পূর্ণ অজ্ঞানাবস্থা উপস্থিত হয়, কোন প্রকারই গতিতে অক্ষম থাকে, মানসিক চিন্তাশক্তির হ্রাস হয়। পেশী সকল অতি অল্প পরিমাণে সঙ্কুচিত হয় এবং শরীর কিছু শক্ত হয়। নাড়ী দুর্ব্বল হয়। আরও অধিকক্ষণ আঘ্রাণ করাইলে রোগীর মৃত্যু হইবার সম্ভাবনা। অতএব সাবধানে ব্যবহার করা কর্ত্তব্য। এবং প্রয়োজনানুরূপ উপায় অবলম্বন করা কর্ত্তব্য। রোগী যদি অজ্ঞানাবস্থায় থাকে তবে কৌশল পূর্ব্বক শ্বাসক্রিয়া সম্পাদনে যত্নবান হওয়া উচিত এবং আসব ইত্যাদি উত্তেজক ঔষধ ব্যবস্থা করা কর্ত্তব্য।

টিটেনস (ধনুষ্টঙ্কার), হাইড্রো-ফোরিয়া, কলিক ও আক্ষেপজনক রোগে ইহার ঘ্রাণ ব্যবহার হইয়া থাকে। ঘ্রাণ করাইবার ৫।৬ মিনিট পরে পুনর্ব্বার জ্ঞানের উদ্রেক হয়। অতএব অধিকক্ষণ অজ্ঞানাবস্থায় রাখিবার জন্য আরও অধিকক্ষণ ক্লোরফরম্ আঘ্রাণ করান উচিত। কিন্তু অতি সাবধান পূর্ব্বক। এই সময় জিহ্বা অভ্যন্তরে প্রবিষ্ট হইয়া শ্বাসকার্য্য বন্ধ হইবার সম্ভাবনা, অতএব উহা একটী ফর্‌সেপ দ্বার টানিয়া ধরিয়া রাখা কর্ত্তব্য। যদি হৃৎপিণ্ডের ক্রিয়ার মান্দ্য দেখা যায়, তবে ইলেকৃটি সিটী দ্বারা শ্বাসক্রিয়া উত্তেজিত করা কর্ত্তব্য। উত্তেজক ঔষধ দেওয়া কর্ত্তব্য।

ব্যবহার। ক্লোরফরম্ই অস্ত্র-চিকিৎসকদিগের একটী প্রধান অবলম্বন। যখন কোন বৃহৎ অস্ত্র-চিকিৎসা করিতে হয়, তখন ইহা দ্বারা অচৈতন্য করিয়া পরে কার্য্য আরম্ভ হয়। তখন আর রোগীর কোন প্রকার ভয় থাকে না।

প্রসব সময়ে ক্লেশ হইলে ক্লোরফরম্ দ্বারা বিলক্ষণ উপকার পাওয়া যায়।

মৃগী, টিটেনস্ প্রভৃতি রোগেও ব্যবহার করা যায়,। কোরিয়াতে ব্যবহার হয়। শৈশবকালে যে দড়্কা (কন্‌ভল্‌সন্) হয়, তাহাতে ইহা অতি সুন্দর ফল দর্শায়। আক্ষেপনিবারক বলিয়া হিষ্টিরিয়াতে ব্যবহার হয়। উন্মাদ রোগে ইহা দ্বারা উপকার হয়। শ্বাসকাশে ইহার আঘ্রাণ লওয়াইলে শ্বাস-কষ্ট নিবারণ হয়। ইহার আভ্যন্তরিক ব্যবহার অতীব ফলদায়ক। হিক্কারোগে ক্লোরফরমের আঘ্রাণ দ্বারা আশু প্রতীকার হয়। সর্ব্ব প্রকার স্নায়ুশূল এবং শিরঃপীড়া রোগে ক্লোরফরমের স্থানিক মর্দ্দন সমূহ উপকারী।

উন্মাদ রোগ ও কোরিয়া রোগে আক্ষেপ নিবারণ করিয়া উপকার করে। দন্তক্ষতে তুলায় করিয়া ক্ষত মধ্যে ক্লোরফরম্ দিলে আশু যাতনা নিবারণ হয়।

অফ্থ্যাল্মিক্ সার্জ্জারিতে ছানি কাটিবার জন্য ক্লোরফরম্ ব্যবহার হয়। হার্ণিয়াতে ব্যবহার হয়।

২৪শ অবসাদক।

হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্—Hydrate of Chloral.

মাত্রা ৫—৩০ গ্রেণ্।

ক্লোর‍্যাল্কে জলমিশ্র করিলে প্রথমে উহা উষ্ণ হইয়া উঠে এবং গাঢ়তর হইয়া শ্বেতবর্ণ দানা উৎপন্ন হয়।

প্রঃ রূঃ। সিরপ্ অব্ ক্লোর‍্যাল্ (হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্ ৮০ গ্রেণ, পরিশ্রুত জল ১৷৷০ ড্রাম, শর্করা দ্বারা ১ আং পূর্ণ করিবে। মাত্রা ৷৷০—২ ড্রাম।)

স্বঃ। শ্বেতবর্ণ, দানা। বায়ু লাগিলে দ্রব হয়।

ক্রিয়া। স্নায়বীয় অবসাদক, নিদ্রাকারক, আক্ষেপনিবারক, বমননিবারক, পচননিবারক, বেদনাহারক।

ব্যবহার। নিদ্রা করণার্থই প্রায় ব্যবহার হয়। ৩০ গ্রেণ অথবা তদধিক, জলে দ্রব করিয়া মুখ দ্বারাই হউক বা ইন্‌জেক্‌সন্ রূপেই হউক প্রয়োগে নিদ্রা উপস্থিত হয়। উন্মাদ, জ্বরাদির প্রলাপ প্রভৃতিতে ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়। ষ্ট্রীক্‌নাইন্ দ্বারা বিষাক্ততায় ইহার ক্রিয়া বিষঘ্ন বলিয়া পরীক্ষিত হইয়াছে। দুর্দ্দম্য কোরিয়া রোগে পুনঃপুনঃ ক্লোর‍্যাল্ প্রয়োগে রোগের শান্তি হয়। গর্ভাবস্থার অপ্রকৃত বেদনায় বিশেষতঃ স্নায়বীয় ধাতুতে ২০ গ্রেণ ক্লোর‍্যাল্ ২০ গ্রেণ এণ্টিপাইরীণের সহিত মিশ্রিত করিয়া শয়নকালে সেবন করিতে দিলে উপকার হয়। ট্রম্যাটিক্ টেটনস্ রোগে ইহা দ্বারা সময়ে সময়ে বিলক্ষণ উপকার পাওয়া যায়। ৫—৬ গ্রেণ হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্ ১ আং জলে মিশ্রিত করিয়া ব্যবহারে দুর্গন্ধ নিবারণ করে।

আক্ষেপিক শ্বাসকাশে (৩ গ্রেণ, ২০ মিনিম জল সহ মিশ্র) ইহার সব্‌কিউটেনিয়ন্ পিচ্‌কারী বিশেষ উপকারী।

হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্ ১০ অংশ; ১০০ অংশ জলে দ্রব করিয়া কোমল উপদংশীয় বাগীর ক্ষতে স্থানিক প্রয়োগ উপকারী।

———

২৫শ অবসাদক।

হেম্‌লক্‌—Hemlock—Conium.

পত্রচূর্ণের মাত্রা ২—৮ গ্রেণ্‌।

কোনিয়ম্‌ ম্যাকিউলেটম্‌ নামক বৃক্ষের সরস পত্র, শাখাগ্র ও পরিপক্ব শুষ্ক ফল।

প্রঃ রূঃ। (১) এক্‌ষ্ট্রাক্‌ট্‌ অব্‌ হেম্‌লক্‌ (ইহার সরস পত্র ও শাখাগ্রের রস হইতে প্রস্তুত হয়। মাত্রা ২—৬ গ্রেণ)।

(২) কম্পাউণ্ড পিল্‌ অব্‌ হেম্‌লক্‌ (এক্‌ষ্ট্রাক্‌ট্‌ অব্‌ হেমলক ২॥০ আং, ইপিকাকুয়ানা চূর্ণ ॥০ আং, গুড় যথা-প্রয়োজন। মাত্রা ৫—১০ গ্রেণ্‌)।

(৩) সক্কস্‌ কোনাই (সরস পত্রের রস ৩ অংশ, শোধিত সুরা ১ অংশ। মাত্রা ॥০—১ ড্রাম)।

(৪) হেম্‌লক্‌ পুল্‌টিস্‌—(হেম্‌লক্‌ পত্র চূর্ণ ১ আং, তিসির খোল ৪ আং, স্ফুটিত জল ১০ আং)।

(৫) টিংচর্‌ অব্‌ হেম্‌লক্‌ (হেম্‌লক্‌ ফল কুট্টিত ২॥০ আং, পরীক্ষিত সুরা ২০ আং। মাত্রা ১০ মিনিম্‌—১ ড্রাম)।

(৬) ভেপর্‌ কোনাই। (হেমলক্‌ জুস্‌ ॥০ আং, পটাশ দ্রব ১ ড্রাম, পরিশ্রুত জল ১ আং)।

(৭) অয়েণ্টমেণ্ট অব্‌ হেম্‌লক্‌। (সক্কস্‌ হেমলক্‌ ২ আং, হাইড্রাস্‌ উল্‌ফ্যাট ৬ ড্রাম্‌, বোরিক্‌ এসিড্‌ চূর্ণ ১০ গ্রেণ)।

হেম্‌লকের গুণ ইহাতে যে কোনিয়া ও মিথিল কোনিয়া নামক বীর্য্য বিশেষ আছে তাহারই উপর নির্ভর করে।

ক্রিয়া। অবসাদক, আক্ষেপনিবারক, বেদনানিবারক, অল্প কফ-নিঃসারক ও পরিবর্ত্তক। বাহ্য ব্যবহারে উত্তেজক, পরে স্পর্শহারক। অধিক মাত্রায় প্রয়োগে বিষক্রিয়া করে।

ব্যবহার। টিটেনস্, কোরিয়া, মৃগীরোগে আক্ষেপনিবারক হইয়া উপকার করে। যক্ষা, ব্রঙ্কাইটিস্ রোগে কফঃনিসরণ দমন করিয়া বিলক্ষণ উপকার করে। এই জন্য কোনিয়মের ধূম গ্রহণ করা কর্ত্তব্য। হুপিং কফ্ রোগে ব্যবহার হয়।

মার্কুরিয়াল্ ট্রেমরতে ইহা সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ঔষধ বলিয়া অনেকে অনুমোদন করেন। উপদংশ ক্ষতে ব্যবহার হয়। যকৃৎ, প্লীহা বিবর্দ্ধনে হেম্লক্ কখন কখন উপকার করে।

ক্যান্সার রোগে ইহা কখন কখন উপকারক বলিয়া ব্যবহার হয়। পুলটিস্‌রূপে প্রয়োগ হয়। স্ক্রফিউলা, দুর্দম্য ক্ষত ও চর্ম্ম রোগে ব্যবহার্য্য।

অ্যাক্যুট্ ম্যানিয়াতে আক্ষেপনিবারকরূপে ব্যবহৃত হয়। রিউম্যাটিজম্ ও নিউর‍্যালজিয়ায় উপকার করে। রজোহধিক ও শুক্র মেহ রোগে ইহা বিশেষ উপযোগী। স্তন হইতে অধিক দুগ্ধনিঃসরণ রোধার্থ ব্যবহার হয়। শুক্রমেহ রোগ ও স্ত্রীপুরুষের কামোন্মাদ রোগে উপকারী।

২৬শ অবসাদক।

ল্যাক্টিউকা—Lettuce.

মাত্রা ৫—১০ গ্রেণ।

ল্যাক্টিউকা বিরোসা নামক পুষ্পিত বৃক্ষ। ইহার ঘনীভূত রসকে ল্যাক্টিউকেরিয়ম্ কহে।

প্রঃ রূঃ। একষ্ট্রাক্ট্ অব্ ল্যাক্টিউসি। (সরস বৃক্ষ হইতে হরিৎসার প্রস্তুত হয়। মাত্রা ৫—১৫ গ্রেণ্)।

ক্রিয়া। স্নায়বীয় অবসাদক, নিদ্রাকারক, বেদনানিবারক, কফ দমনকারক। নিদ্রাকরণার্থ শয়ন সময়ে ব্যবহৃত হয়। অহিফেন ব্যবস্থা নিষিদ্ধ হইলে ইহার রসের একষ্ট্রাক্ট্ দেওয়া হইয়া থাকে। কাসের উগ্রতা দমনার্থও ব্যবহৃত হয়।

২৭শ অবসাদক।

চেরিলরেল্ লিভ্স্—Cherry Laurel Leaves.

চূর্ণের মাত্রা ৪—৮ গ্রেণ।

রোজিসি জাতীয় প্রুন্সলারোসিরেসস্ নামক বৃক্ষের পত্র।

প্রঃ রূঃ। একোয়া লরোসীরেসাই (সরস পত্র কুট্টিত ১ পৌং, জল ২॥০ পৌং। এক পাইণ্ট চুয়াইয়া লইবে। মাত্রা ॥০ হইতে ২ ড্রাম)।

স্বঃ। ভল্লাকৃতি, ধারকর পত্রের ন্যায়, উজ্জ্বল মসৃণ, ঘোর হরিৎবর্ণ, তিক্ত-রুক্ষ-কষায় আস্বাদ।

ক্রিয়া। হাইড্রোসিয়ানিক্ এসিডের ন্যায়। পুল্টিস্ রূপে বেদনা-নিবারক বলিয়া ব্যবহৃত হয়।

২৮শ অবসাদক।

বিউটিল্ ক্লোর‍্যাল্ হাইড্রাস—হাইড্রেট্ অব্ বিউটিল্ ক্লোর‍্যাল্—Butyl Chloral Hydras.

মাত্রা ৫—১৫ গ্রেণ্।

ইহাকে সাধারণতঃ ক্রোটন্ ক্লোরাল্ হাইড্রেট্ কহে।

এল্ডিহিড্কে ফার্নহিটের ১৪ তাপাংশে শীতল করিয়া তাহাতে শুষ্ক ক্লোরিণ্ বাষ্প প্রয়োগ করিলে বিউটিল্ ক্লোর‍্যাল্ প্রস্তুত হয়।

স্বরূপ। দেখিতে শ্বেতবর্ণের শল্কাকার মুক্তার ন্যায় দানা, তীব্রগন্ধ বিশিষ্ট। এই গন্ধ হাইড্রাস্ ক্লোর‍্যালের ন্যায়; কদর্য্য উগ্র আস্বাদ।

ক্রিয়া। হাইড্রেট অব্ ক্লোর‍্যালের ন্যায় ইহা অবসাদক ক্রিয়া করে; কিন্তু তত প্রবল নহে ও হৃৎপিণ্ডের অবসাদন অপেক্ষাকৃত অল্পই করিয়া থাকে।

ব্যবহার। হৃৎপিণ্ডের দৌর্ব্বল্যবশতঃ হাইড্রাস্ ক্লোর‍্যাল্ অবিধেয় হইলে ইহা অনায়াসে ব্যবস্থা করা যাইতে পারে।

পঞ্চম স্নায়ুর উপরে ইহা স্পর্শহারক ক্রিয়া দর্শায়, একারণ মুখমণ্ডলের স্নায়ুশূল, শিরঃশূল ও অর্দ্ধ শিরঃশূল, দন্তশূল ইত্যাদি অতি যাতনাপ্রদ রোগে যাতনা নিবারণ না হওয়া পর্য্যন্ত পুনঃ পুনঃ ও সত্বরে ২।১ গ্রেণ মাত্রায় ব্যবহার করা যাইতে পারে। হস্ত পদাদির স্নায়ুশূলেও ব্যবহৃত হইয়াছে।

যক্ষ্মারোগে রাত্রিতে নিদ্রা করণার্থ ও যাতনা লাঘব করণার্থ ব্যবহৃত হইতে পারে।

২৯শ অবসাদক।

জেল্‌সিমিয়ম্‌—ইওলোজ্যাস্‌মিন্‌

Gelsemium.

মাত্রা ৫—৩০ গ্রেণ্‌।

লোগেনিয়েসি জাতীয় জেলসিমিয়ম্ নিটিডাস্ নামক বৃক্ষের নিরেট শুষ্ক কন্দ ও ক্ষুদ্র মূল।

প্রঃ রূঃ। ১। এক্‌ষ্ট্রাক্‌টম জেলসিমিয়াই এল্‌কোহলিকম্; এল্‌কোহলিক্ এক্‌ষ্ট্রাক্ট অব্‌ জেল্‌সিমিয়ম। (জেল্‌সিমিয়ম্ চূর্ণ ২ পাং, শোধিত সুরা ও পরিশ্রুত জল প্রয়োজনানুরূপ। মাত্রা ॥০—২ গ্রেণ্‌।

২। টিংচ্যুরা জেল্‌সিমিয়াই; টিংচার অব্‌ জেল্‌সিমিয়ম্ (জেল্‌সিমিয়ম চূর্ণ ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা, ৫—২০ মিনিম্)।

স্বঃ। ১ হইতে ৫।৬ ইঞ্চ দীর্ঘ, ।০ হইতে ৸০ ইঞ্চ ব্যাস, নলাকার, ক্ষুদ্র ক্ষুদ্র মূলসংযুক্ত, বাহ্যদেশ দেখিতে ঈষৎ পীত মিশ্রিত ধূসরবর্ণ, ইহা সদ্গন্ধ কিন্তু তিক্ত আস্বাদযুক্ত।

ক্রিয়া। স্নায়বীয় অবসাদক। চক্ষে প্রয়োগে কনীনিকা প্রসারিত হয়। অধিকমাত্রায় সেবনে পেশী দুর্ব্বল, নাড়ী ক্ষীণ, দ্বিদৃষ্টি, স্পর্শানুভব শক্তি হ্রাস হয়। অত্যধিক মাত্রায় সেবনে মৃত্যু হইতে পারে।

ব্যবহার। জার্ম্মান্ ডাক্তারেরা বিবিধ দন্তরোগে ইহা ব্যবহারে বিশেষ ফল পাইয়াছেন এইরূপ প্রকাশ করেন। বিবিধ প্রকার কাস রোগে আক্ষেপ নিবারণ করিয়া উপকার করে। বিবিধ স্নায়ুশূল রোগে এবং জ্বররোগে ক্ষীণতা জন্মাইবার জন্য ব্যবহৃত হইয়াছে।

৩০শ অবসাদক।

প্যারাল্ডিহিডম্—প্যারাল্ডিহিড্—Paraldehydum.

মাত্রা ৩০—৬০ মিনিম্ বা তদূর্দ্ধ ১৷৷০ ড্রাম।

জলমিশ্রিত গন্ধকদ্রাবক বা যবক্ষারদ্রাবক সহিত এল্ডিহাইডের ক্রিয়া দ্বারা ইহা প্রস্তুত হয়।

স্বঃ। বর্ণহীন তরলপদার্থ, ফার্গহিটের ৫০ তাপক্রমের উত্তাপে স্বচ্ছ দানাদার পিণ্ডে পরিণত হয়। ইহার গন্ধ ও আস্বাদ এল্ডিহাইডের ন্যায়। ১০ অংশ জলে ১ অংশ দ্রবণীয়।

ক্রিয়া। অবসাদক, নিদ্রাকারক, বেদনাহারক। ক্লোরালের সহিত ইহার ক্রিয়ার অনেক পরিমাণে সৌসাদৃশ্য আছে, প্রভেদের মধ্যে এই যে ইহা হৃদ্পিণ্ডের বল বৃদ্ধি করে, ও রুতন্ত্রের হ্রাস করে। ইহা সেবনে মূত্র বৃদ্ধি হয়। এজন্য জ্বর, বাতজ্বর ইত্যাদিতে নিদ্রাকরণার্থ বিশেষ উপযোগী।

ব্যবহার। যে যে স্থলে নিদ্রাকরণার্থ ক্লোরাল্ ব্যবহৃত হয় তথায় ইহা দেওয়া যায়, অথচ ক্লোরাল্ অপেক্ষায় ইহাতে শীঘ্র ক্রিয়া প্রকাশ পায়। নিদ্রাভঙ্গ হইলে শিরঃপীড়াদি জন্মে না।

হৃদ্পিণ্ডের পীড়াবশতঃ ক্লোরাল্ নিষেধ হইলে ইহা অনায়াসে দেওয়া যায়।

৩১শ অবসাদক।

সল্ফোন্যাল্—Sulphonal.

মাত্রা ১৫—৩০ গ্রেণ্।

ইহাকে ডাইইথিল্সল্ফন্—ডাইমিথিল্-মিথেন্ কহে।

স্বঃ। শ্বেতবর্ণ গন্ধাস্বাদহীন দানাদার।

৫০০ অংশ জলে ১ অংশ দ্রবণীয়, এল্কোহল্ ও ইথরের সম্পূর্ণ দ্রবণীয়।

ক্রিয়া। অবসাদক, নিদ্রাকারক, বেদনাহারক। ইহা সেবনে নাড়ীরগতি, শারীরিক উত্তাপ বা পরিপাকযন্ত্রের ক্রিয়ার কোনরূপ ব্যাঘাত হয় না। স্নায়বীয় ধাতুতে স্নায়বীয় উগ্রতা প্রশমিত করে। ইহার ক্রিয়া ক্রমশঃ মৃদুভাবে প্রকাশ পায়।

ব্যবহার। বিবিধপ্রকার স্নায়বীয় অনিদ্রায় ইহা বিশেষ উপযোগী। মিল্যাঙ্কোলিয়া, এপিলেপ্সি বশতঃ উন্মাদ, ইন্সোম্যানিয়া প্রভৃতি রোগে সত্বরে নিদ্রাকর্ষণ করিয়া উপকার করে। ম্যানিয়া রোগে কোন কাজ করে না। উন্মাদরোগে বিশেষ উপযোগী।

৪—৭ গ্রেণ্ মাত্রায় সেবনে নিশাঘর্ম্ম নিবারণ করে।

অন্ত্রের ক্যান্সার, সেরিব্রাল্ মেনিঞ্জাইটিন্ রোগ, বিবিধপ্রকার স্নায়ুশূল রোগে উপকার করে। বাতরোগে ইহা ১৫ গ্রেণ্, ৮ গ্রেণ্ এণ্টিপাইরীণের সহিত সেবন করিতে দেওয়ায় ফাইব্রস্ রিউম্যাটিজমে সুনিদ্রা জন্মে।

উত্তেজক।

—o—

(ক) ধামনিক উত্তেজক ;—ক্যাপ্‌সিকম্ ফ্রুট্, অইল্ অব্ টার্পেণ্টাইন্, লার্চ্চবার্ক, ম্যাষ্টিক্, এলিমাই, ষ্ট্রং সল্যুসন্ অব্ এমোনিয়া, কার্ব্বনেট্ অব্ এমোনিয়া, ফস্ফরস্, ওলিয়ম্ পাইনাই সিল্‌ভেষ্ট্রীস্।

(খ) স্নায়বীয় উত্তেজক ;—মস্ক, ক্যাষ্টর্ অ্যাসাফিটিডা, গল্‌বেনম্, এমোনিয়াক্, নাইট্রেট্ অব্ অ্যামিল্, ভ্যালিরিয়ানী রিজোমা, ভ্যালিরিনিয়েট্ অব্ সোডা, সম্বল্ রুট্, নাইট্রোগ্লিসারীন্, সোডিয়াই-নাইট্রাস্, কফীনা, স্যাগাপিনম্।

(গ) কশেরুকা মজ্জার উত্তেজক ;—নক্স্‌ভোমিকা, ষ্ট্রিক্‌নিয়া।

(ঘ) মাস্তিষ্ক উত্তেজক। ইথর্. স্পিরিট্ ইথর্ কম্পোজিটস্, এল্-কোহল্, এল্‌কোহল এমিলাইকম্, এল্‌কোহল্ ইথিলিকম্, আর্ণিকা রিজোমা, বেলাডোনা, এট্রোপিনা, হোমাট্রোপাইনী হাইড্রোব্রোমাস্, ক্যাম্ফর্, ক্যানাবিস্‌ইণ্ডিকা, সেরেভাইসিফার্মেণ্টম্, হাইওসিয়ামাস্, লিভ্‌স্, ওপিয়ম্, মর্ফাইনি হাইড্রোক্লোরাস্, মর্ফাইনি এসিট্যাস্, মর্ফাইনি সলফাস্, এসিডম্ মেকলিকম্, এপোমর্ফাইনী হাইড্রো-ক্লোরিকস্, কোডিইনা, রেড্‌পপিপেটালস্, পপিক্যাপস্যুল্‌স্, ষ্ট্রামোনিয়ম্ ফোলিয়া এট্ সেমিনা।

১ম উত্তেজক।

অ্যাসাফিটিডা—হিঙ্গু—Assafœtida.

মাত্রা ৫—২০ গ্রেণ।

নর্দাক্স এসাফিটিডা নামক বৃক্ষের গাত্রে অস্ত্রাঘাত করিলে নির্যাস ও গঁদ বাহির হয়, তাহা শুষ্ক করিলে ইহা প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। (১) এনিমা অব্ এসাফিটিডা (হিঙ্গু ৩০ গ্রেণ্, পরিশ্রুত জল ৪ আং, মিশ্রিত করিয়া প্রস্তুত করিবে)।

(২) কম্পাউণ্ড্ পিল্ অব্ এসাফিটিডা (হিঙ্গু, গল্বেনম্, মার্ (গন্ধবোল), প্রত্যেক ২ আং এবং গুড় ১ আং; মাত্রা ৫—১০ গ্রেণ)।

(৩) ফিটিড্ স্পিরিট্ অব্ এমোনিয়া (হিঙ্গু ১॥০ আং, উগ্র এমোনিয়া দ্রব ২আং, শোধিত সুরা প্রয়োজনানুরূপ। মাত্রা ॥০—১ড্রাম)।

(৪) টিংচর অব্ এসাফিটিডা (হিঙ্গু ২॥০ আং, শোধিত সুরা ১ পাইন্ট্। মাত্রা ॥০—১ ড্রাম্)।

স্বঃ। পিণ্ডাকার, শুষ্ক, কর্দ্দমাকার, উগ্র গন্ধযুক্ত তিক্ত ও উগ্র আস্বাদ।

ক্রিয়া। স্নায়বীয় উত্তেজক, আক্ষেপনিবারক, কফনিঃসারক, কিছু বিরেচক, বায়ুনাশক, রজোনিঃসারক, কামোদ্দীপক ও কৃমিনাশক।

ব্যবহার। উত্তেজক, আক্ষেপনিবারক, তজ্জন্য হিষ্টিরিয়া রোগে বিশেষ উপকারী। কোরিয়াতেও ব্যবহৃত হয়। বালকদিগের কন্‌ভলসনে (দড়্কায়) এবং যুবাদিগের এপিলেপ্সিতে ইহার পিচকারী উপকার করে। কফনিঃসারক, তজ্জন্য ক্রনিক ব্রঙ্কাইটিস্ রোগে ব্যবহার হয়। অন্যান্য স্নায়বীয় পীড়াতে ইহা ব্যবহার হয়। হুপিংকফ্ রোগে ব্যবহার হয়। ডাক্তার গ্যারড্ অন্যান্য সমস্ত ঔষধাপেক্ষা ইহাকে উত্তম আক্ষেপনিবারক ঔষধ মনে করেন। স্ত্রীলোক ও বৃদ্ধদিগের কাস রোগে ইহা অত্যন্ত উপকার করে। মলবদ্ধে ও কৃমিরোগে অন্যান্য বিরেচক ঔষধসহ ব্যবহার্য্য। বাল্যকালের ফুস্‌ফুস্ প্রদাহ সমূহে উপযোগী।

গল্বেনম্—Galbanum.

মাত্রা ১০—২০ গ্রেণ।

ইহাও বৃক্ষের গঁদ ও নির্যাস।

প্রঃ রূঃ। গলবেনম্ প্ল্যাষ্টার্। (গল্বেনম্, এমোনায়েকম্, পীত-

মোম, প্রত্যেক, ১ আং, সীসপলস্তা ৮ আং। গলবেনম্ ও এমোনায়েকম্ গলাইয়া তাহাতে সীসপলস্তা ও মোম যোগ করিবে ও মিশাইবে)

ক্রিয়া। প্রায় হিঙ্গুর ন্যায়, কিন্তু তদ্রূপ প্রবল নহে। জরায়ুর উপর ক্রিয়া দর্শায় বলিয়া এমিনোরিয়াতে ব্যবহৃত হয়। কফনিঃসারক বলিয়া শ্বাসকাস ইত্যাদিতে ব্যবহার হয়।

২য় উত্তেজক।

কর্পূর—Camphor.

মাত্রা ১—১০ গ্রেণ।

ক্যাম্ফোরা অফিসিনারম্ নামক বৃক্ষ হইতে যে বায়িতৈল পাওয়া যায়, তাহা গাঢ় করিলে ইহা প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। (১) ক্যাম্ফর ওয়াটর্। (কর্পূরচূর্ণ ॥০ আং; পরিশ্রুত জল ১ গ্যালন্। ২ দিন ভিজাইয়া রাখিবে। মাত্রা ১—২ আং)।

(২) ক্যাম্ফর্ লিনিমেণ্ট (কর্পূর ১ আং, জলপাইয়ের তৈল ৪ আং)।

(৩) কম্পাউণ্ড ক্যাম্ফর্ লিনিমেণ্ট। (কর্পূর ২॥০ আং, অইল্ অব্ ল্যাভেণ্ডার্ ১ ড্রাম, উগ্র সল্যুসন্ অব্ এমোনিয়া ৫ আং, শোধিত সুরা ১৫ আং)।

(৪) স্পিরিট্ অব্ ক্যাম্ফর্, (কর্পূর ১ আং, শোধিত সুরা ৯ আং, দ্রব করিবে; মাত্রা ১০—৩০ মিনিম্)।

(৫) কম্পাউণ্ড টীংচর্ অব্ ক্যাম্ফর্। (অহিফেন ও বেন্‌জোয়িক্ এসিড্ প্রত্যেক ৪০ গ্রেণ, কর্পূর ৩০ গ্রেণ, মৌরির তৈল ॥০ ডাম্, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ১৫ মিনিম্—১ ড্রাম্)।

ক্রিয়া। আক্ষেপনিবারক, কফনিঃসারক, মাদক, বেদনানিবারক, মস্তিষ্ক-উত্তেজক, নিদ্রাকারক ও জননেন্দ্রিয়ের উগ্রতাহারক। অত্যন্ত

অধিক মাত্রায় ব্যবহারে ভয়াবহ লক্ষণ সমূহ উপস্থিত করে। বাহ্য ব্যবহারে প্রত্যুগ্রতাসাধক।

ব্যবহার। আক্ষেপনিবারক, তজ্জন্য কোরিয়া, মৃগী, হুপিংকফ, শ্বাসকাশ ও নানা প্রকার হিষ্টিরিয়াতে অশেষ উপকার করে। কফনিঃসারক, তজ্জন্য সর্দ্দিতে ব্যবহার হয়।

জ্বর রোগে আবল্য ও অস্থিরতা নিবারণ জন্য ইহা ব্যবহার হয়। কলেরিক্ ডায়েরিয়াতে ইহা বিশেষ উপকার করে। প্রসবের পরে উদরের বেদনাতে ইহার স্বেদ উপকারী। বাতরোগে বেদনা নিবারক, অহিফেণ সহ ব্যবস্থা। কোন স্থানে আঘাত বশতঃ বেদনায় কর্পূরের স্বেদ উপকার করে।

হাইপারটফি নিবন্ধন হৃৎপিণ্ডের অতিস্পন্দন নিবারণার্থ ৩—১২ গ্রেণ কর্পূর হেন্‌বেন্ সহ ব্যবস্থা। জননেন্দ্রিয়ের উগ্রতা হারক, তন্নিবন্ধন স্পর্ম্মাটোরিয়াতে ব্যবহার হয়।

৩য় উত্তেজক।

বেলাডোনা—Belladona.

মাত্রা বেলাডোনা চূর্ণ ১—২ গ্রেণ।

এট্রোপা বেলাডোনা নামক বৃক্ষের সরস পত্র ও তৎসম্বলিত শাখা, এবং শুষ্ক মূল।

পত্র হইতে প্রস্তুত—

প্রঃ স্নঃ। পত্র। (১) এক্‌ষ্ট্রাক্‌ট্ অব্ বেলাডোনা (পত্রের রস হইতে প্রস্তুত হয়। মাত্রা ।০—১ গ্রেণ)।

(২) টীংচর অব্ বেলাডোনা (পত্র কুট্টিত ১ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। পার্কোলেসন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ৫—২০ মিনিম্)।

(৩) সকস্ বেলাডোনা (৭ পৌণ্ড সরস পত্র ও শাখা কুট্টিত করিয়া প্রত্যেক তিন অংশ রসে ১ আং সুরা মিশ্রিত করিবে। ৭ দিন এমত

রাখিবে। পরে ছাঁকিয়া লইবে। শীতল স্থানে রাখিবে। মাত্রা ৫—১৫ মিনিম্)।

(৪) অইণ্টমেণ্ট অব্ বেলাডোনা (একৃষ্ট্রাকৃট অব্ বেলাডোনা ৫০ গ্রেণ, বেন্‌জোয়েটেড্ লার্ড ১ আং, মিশাইবে)।

মূল হইতে প্রস্তুত—

(১) এল্‌কোহালক্ একষ্ট্রাকৃট্ অব্ বেলাডোনা (বেলাডোনা মূল চূর্ণ ১ পাউণ্ড, শোধিত সুরা ও পরিশ্রুত জল প্রত্যেক প্রয়োজনানুরূপ যথাবিধ প্রক্রিয়ায় প্রস্তুত করিবে। মাত্রা $\frac{1}{16}$—০গ্রেণ।)

(২) এট্রোপিনা। শুষ্ক কুট্টিত বেলাডোনা মূল ২ পাং, শোধিত সুরা ১০ পাইণ্ট, আর্দ্র চূর্ণ ১ আং, জল মিশ্রিত গন্ধকদ্রাবক ও কার্বনেট অব্ পটাশ্, প্রত্যেক প্রয়োজনানুরূপ, ক্লোরফরম্ ৩ আং, জান্তবাঙ্গার প্রয়োজনানুরূপ, পরিস্রুত জল ১০ আং। বেলাডোনাকে ৪ পাইণ্ট সুরায় ২৪ ঘণ্টা ভিজাইয়া রাখিবে। পরে জন্য পাত্রে ঢালিয়া পার্কোলেসন্ দ্বারা অবশিষ্ট সুরা মিসাইবে। পরে ঐ টিংচারে চূর্ণ মিশাইবে। তাহা ছাঁকিয়া তাহাতে জলমিশ্র গন্ধকদ্রাবক যোগ করিয়া পরে তাহা ছাঁকিবে। পরে সুরায় ৮০ অংশ চুয়াইয়া লইবে, অবশিষ্ট অংশে পরিস্রুত জল মিশাইয়া অল্প উত্তাপে শোধিত করিবে, যতক্ষণ না $\frac{1}{2}$ অংশ মাত্র অবশিষ্ট থাকে, এবং সুরার গন্ধ না থাকে। তৎপরে ইহা শীতল করিবে। সাবধান পূর্ব্বক উপযুক্ত পরিমাণে কার্বনেট অব্ পটাশ্ যোগ করিবে, যতক্ষণ না সমক্ষারাম্ল হয়। পরে ছয় ঘণ্টা রাখিবে, তৎপরে ছাঁকিয়া কার্বনেট্ অব্ পটাশ্ এমতরূপ যোগ করিবে যে, যেন কিছু ক্ষারাধিক্য হয়। তৎপরে একটি বোতলে রাখিয়া ক্লোরফরম যোগ করিবে ও উত্তমরূপে আলোড়ন করিবে। পরে ঐ মিশ্রণ একটী কাঁচকর্ক সম্বলিত কাঁচ কূপীতে রাখিবে। যখন ক্লোরফরম্ অধঃস্থ হইবে তখন ঐ কাঁচ কূপীর মুখ খুলিয়া ক্লোরফরম্ বাহির করিয়া লইবে। পরে ঐ দ্রব্যকে কণ্ডেন্‌সরযুক্ত বকযন্ত্র মধ্যে জলস্বেদ

যন্ত্রের উত্তাপে চুয়াইবে। অবশিষ্ট অংশকে উষ্ণ শোধিত সুরাতে দ্রব করিয়া কিঞ্চিৎ জান্তবাঙ্গার দিয়া রাখিবে। পরে তাহা ছাঁকিয়া গাঢ় করিয়া যতক্ষণ না দানা উৎপন্ন হয়, ততক্ষণ শীতল স্থানে রাখিবে।

(২) বেলাডোনা লিনিমেণ্ট (বেলাডোনামূল কুট্টিত ২০ আং, কর্পূর ১ আং, শোধিত সুরা ৩০ আং)।

এট্রোপিয়া হইতে প্রস্তুত—

(১) অইণ্টমেণ্ট অব্ এট্রোপিয়া (এট্রোপিয়া ৮ গ্রেণ, শোধিত সুরা ॥০ ড্রাম, বেন্‌জোয়েটেড লার্ড ১ আং। এট্রোপিয়াকে দ্রব করিয়া বসার সহিত মিশ্রিত করিবে)।

(২) সল্‌ফেট্ অব্ এট্রোপিয়া (এট্রোপিয়া ১২০ গ্রেণ, পরিস্রুত জল ৪ ড্রাম, জলমিশ্র গন্ধকদ্রাবক প্রয়োজনানুরূপ)।

(৩) লাইকর এট্রোপিনি সল্‌ফাটিস্ (সল্‌ফেট্ অব্ এট্রোপিয়া ৯ গ্রেণ, কর্পূরের জল ১৬॥০ ড্রাম, দ্রব করিবে। মাত্রা ১—৪ মিনিম।

(৪) ল্যামিলি এট্রোপাইনি—এট্রোপাইনের ক্ষুদ্র চাক্তি। প্রতি চাক্তিতে $\frac{1}{5000}$ গ্রেণ এট্রোপাইনি সল্‌ফ্যাস আছে।

ক্রিয়া। বেদনানিবারক, স্নায়বীয় ও মস্তিষ্ক-উত্তেজক, নিদ্রাকারক, মাদক, আক্ষেপনিবারক, মূত্রকারক বিরেচক। বাহ্যব্যবহারে বেদনা-নিবারক। চক্ষুতে লাগাইলে কনিনীকা প্রসারিত হয়।

বেলাডোনার কার্য্য সম্পূর্ণরূপে এট্রোপিয়ার উপর নির্ভর করে ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে, পক্ষী, কুকুর এবং খরগস ইত্যাদির পক্ষে ইহা ভয়ানক তীক্ষ্ণ বিষ। শেষোক্ত জন্তুর প্রাণ নাশার্থ ১৫ গ্রেণই যথেষ্ট। বেলাডোনার ক্রিয়া সম্পূর্ণরূপে অহিফেণ ও হাইড্রোসিয়ানিক্ এসিডের ক্রিয়ার বিপরীত, তজ্জন্যই ডাক্তার এণ্ডারসন্ বলেন, অহিফেণ বিষাক্ত রোগীকে বেলাডোনা দিলে সমূহ উপকার দর্শে। কিন্তু অনেক সময়ে এ কথা যে, প্রামাণিক নহে, তাহা প্রমাণ হইয়াছে। অহিফেন ও বেলাডোনা যে পরস্পর বিপরীত ক্রিয়া করে, ইহা অবশ্য স্বীকার্য্য,

কিন্তু সকল সময়ে না হইতে পারে। পূর্ণমাত্রায় অহিফেণের আভ্যন্তরিক প্রয়োগে কনিনীকা সঙ্কুচিত হয়, কিন্তু বেলাডোনায় প্রসারিত হয়। কোন বেদনার জন্য অহিফেণ দিলে তাহা নিবারণ করে, কিন্তু বেলাডোনাতেও তাহাই করিয়া থাকে। পুনশ্চ অহিফেণ সেবনে মলবদ্ধ হয়, কিন্তু অনেক সময় দেখা গিয়াছে, বেলাডোনার দ্বারা মল সরল হইয়াছে। অহিফেণের ক্রিয়া শিশুদিগের প্রতি প্রবল রূপে প্রকাশ পায়, কিন্তু বেলাডোনার ক্রিয়া সেরূপ হয় না; অধিক মাত্রায় প্রয়োগে বিষক্রিয়ার লক্ষণ সমুহ প্রকাশ হয়।

অসম্মিলন। ক্ষার;—যেমত সোডা, পটাশ্, লাইকর্ পটাশি ইত্যাদি। ক্ষার সহিত কথনই প্রয়োজ্য নহে।

ব্যবহার। অতি ঘর্ম্ম নিবারণ জন্য ইহা বিশেষ উপযোগী। যক্ষ্মা জনিত ঘর্ম্মে ইহা উপকার করে। হাইপোডার্মিক্ রূপে ব্যবহার হইতে পারে।

বেদনা, স্নায়ুশূল, জরায়ু ও মুত্রাশয়ে প্রদাহ, কোরিয়া, এপিলেপ্সি, শ্বাস-প্রদাহ ইত্যাদিতে ইহা বিলক্ষণ উপকার করে। বিরেচক তজ্জন্য মলবদ্ধ রোগে ব্যবহার হয়।

কনিনীকা প্রসারক ও বেদনাহারক বলিয়া বিবিধ চক্ষু রোগে ব্যবহার হয়;—যেমত আইরাইটিস্, ক্যাটার্যাক্ট (ছানি) এবং কর্ণিয়াক্ষত ইত্যাদি।

স্ত্রীলোকের স্তনের দুগ্ধাতিশয্য জনিত প্রদাহ ও পীড়াতে (থুমুকা) ইহা বিশেষ উপকার করে।

আক্ষেপজনক কাস যেমত হুপিংকফ্, শ্বাসকাশ প্রভৃতিতে ইহা সময়ে সময়ে সমুহ উপকার করে। কেহ কেহ ইহার পত্রের চুরুট-ধূমের উপকারিতা স্বীকার করেন।

কারবংক্ল রোগে যদি প্রথম হইতে বেলেডোনা ব্যবহার করা যায়, তাহাতে অশেষ উপকার দর্শে।

ডিস্‌মেনোরিয়া (কষ্টরজঃ) রোগে ইহার পিচ্‌কারীরূপে ব্যবহারে উপকার হয়। তৎসঙ্গে সঙ্গে আভ্যন্তরিক ব্যবহারও করা উচিত। জরায়ু ক্যান্সারেও উপকার করে।

অণ্ডপ্রদাহে বেলাডোনার মলম স্থানিক মর্দ্দন সমূহ উপকারী। ফাই-মোসিস্ রোগেও মলম মর্দ্দনে বিশেষ উপকার করে।

পারদ সেবন দ্বারা মুখ আসিলে ইহা দ্বারা অতি উৎকৃষ্ট ফল লাভ হয়। মদাতঙ্ক রোগে ইহা মস্তিষ্কের স্থৈর্য্য সম্পাদন করিয়া উপ-কার করে।

লিঙ্গনালাক্ষেপ রোগে ইহার মলম স্থানিক মর্দ্দন করিলে বিশেষ প্রতিকার হয়।

উন্মাদরোগে, কোরিয়া ও মৃগী রোগে স্নায়ুমণ্ডলের স্থৈর্য্যসম্পাদন করিয়া রোগের বিশেষ উপকার করে।

জ্বর, স্কালেট্ জ্বর প্রভৃতিতে প্রলাপাদি থাকিলে বেলেডোনার আভ্য-ন্তরিক ব্যবহার সমূহ উপকারী।

সূতিকাস্তম্ভ রোগে ও জরায়ুমুখ কঠিন বশতঃ প্রসব-কষ্টে ইহার মলম স্থানিক মর্দ্দনে সময়ে সময়ে উপকার করে।

এট্রোপিনা—(Atropina)। ইহার ক্রিয়া এত প্রবল যে, প্রায় আভ্যন্তরিক ব্যবহার হয় না। যদিই ব্যবহারের আবশ্যক হয়, তবে অতি সাবধানে অতি অল্প মাত্রায় ব্যবহার ১ই০ গ্রেণ্ হইতে আরম্ভ করিয়া ক্রমশঃ পরিমাণে বৃদ্ধি করা যাইতে পারে। হাই পোডার্মিক্‌রূপে $\frac{১}{১২০}$ গ্রেণ্ মাত্রায় ব্যবহার হয়।

৪র্থ উত্তেজক।

তার্পিন্ তৈল—Oil of Terpentine.

মাত্রা। { রক্তরোধনার্থ ৫—৩০ মিনিম্। উত্তেজনার্থ ॥০—২ ড্রাম্। বিরেচনার্থ ও কৃমিনাশার্থ ২—৪ ড্রাম্। }

বিবিধ পাইনস্ বৃক্ষ হইতে প্রাপ্ত টার্পেন্‌টাইন্ হইতে চুয়াইয়া ইহা প্রস্তুত হয়।

প্রঃ রূঃ। (১) এনিমা অব্ টার্পেন্‌টাইন্ (তার্পিন্ তৈল ১ আং, ষ্টার্চের মণ্ড ১৫ আং, মিশ্রিত করিবে)।

(২) অইণ্টমেণ্ট অব্ টার্পেন্‌টাইন্ (টার্পিন্ তৈল, ১ আং, ধুনাচূর্ণ ৫৪ গ্রেণ্, পীত মোম ॥০ আং; শূকরের বসা ।।০ আং; গলাইয়া উত্তমরূপে ঘন করিবে)।

(৩) লিনিমেণ্ট্ অব্ টার্পেন্‌টাইন্ (তার্পিন্ তৈল ১৬ আং, কর্পূর ১ আং, সাবান ২ আং, পরিশ্রুত জল ২ আং। একত্র মর্দ্দন করিয়া লইবে)।

(৪) লিনিমেণ্ট্ অব্ টার্পেন্‌টাইন্ এণ্ড এসিটিক্ এসিড্। (তার্পিন্ তৈল ৪ আং, সির্কাম্ল ১ আং, ক্যাম্ফর্ অইণ্টমেণ্ট ৪ আং, একত্র মর্দ্দন করিতে হইবে।)

(৫) কন্‌ফেক্‌সন্ অব্ টার্পেন্‌টাইন্ (তার্পিন্ তৈল ১ আং, যষ্টিমধু চূর্ণ ১ আং, শোধিত মধু ২ আং; একত্র মর্দ্দন করিবে। মাত্রা ১—২ ড্রাম্)।

স্বঃ। তরল, বিশেষ গন্ধযুক্ত, উগ্র আস্বাদ, স্বচ্ছ।

ক্রিয়া। উত্তেজক, কফ ও রজোনিঃসারক, আক্ষেপনিবারক, বেদনানিবারক, বায়ুনাশক, রক্তরোধক, বিরেচক, কৃমিনাশক ও মূত্রকারক। পচননিবারক ও দুর্গন্ধহারক।

ব্যবহার। হিমপ্‌টিসস্, হিমেটিমেসিস্, রক্ত-প্রস্রাব ইত্যাদিতে

রক্ত রোধার্থ ব্যবহৃত হয় এবং বিশেষ উপকার করে। কোন স্থান হইতে রক্তস্রাব হইলে ইহা রক্তরোধক হইয়া বিলক্ষণ ফল দর্শায়।

প্রসবান্তে জ্বরে উদরে বেদনা থাকিলে ইহার বাহ্যিক ও আভ্যন্তরিক ব্যবহার যথেষ্ট ফলদায়ক হয়।

লোফরম্ টাইফইড্ জ্বরে ইহার ব্যবহার অনেকে অত্যন্ত প্রশংসা করেন।

পাকাশয় প্রদাহ, অতিসার (পুরাতন ও নূতন) এবং উদরাময় রোগে ইহার ব্যবহারে সুন্দর ফল পাওয়া যায়।

পুরাতন ও তরুণ বাত এবং গাউট্ রোগে ইহার স্থানিক মর্দ্দন বিশেষ উপকারী।

হিষ্টিরিয়া, মৃগী, সূতিকাক্ষেপ প্রভৃতি আক্ষেপজনক রোগে অনেকে ব্যবহার করিয়া বিশেষ ফল পাইয়াছেন।

আক্ষেপনিবারক, তজ্জন্য হিষ্টিরিয়া, কোরিয়া আদি রোগে যদ্যপি ইহা এনিমারূপে ব্যবহার করা যায়, তবে বিলক্ষণ সুফল দর্শে।

বায়ুনাশক, তজ্জন্য উদরাধ্মানে ব্যবহার হয়।

কৃমিনাশক, তজ্জন্য ইহার এনিমা ও আভ্যন্তরিক ব্যবহার উপকার করিয়া থাকে।

মূত্রকারক, তজ্জন্য সপ্রেসন্ অব্ দি ইউরিন্ রোগে ব্যবহার হয়। কলেরার শেষ দশায় মূত্রকারক ও উত্তেজক জন্য ব্যবহার হয়। বেদনা-নিবারক, তজ্জন্য কোন স্থানে আঘাত লাগিলে, তথায় ইহা মর্দ্দন করিলে বেদনার লাঘব হয়।

রজোনিঃসারক, তজ্জন্য কেহ কেহ ইহা রজঃস্তম্ভ রোগে ব্যবহার করেন। মনোরোজিয়া রোগে ব্যবহার হয়। পচননিবারক জন্য পচাক্ষতে ইহা ব্যবহার হয়।

নানা যন্ত্রে, স্থানিক প্রত্যুগ্রতাসাধনার্থ তার্পিন তৈলে এক খণ্ড বস্ত্র কি ফ্ল্যানেল্ ভিজাইয়া তাহা আবরিত করিয়া রাখিলে তথায় ফোস্কা হইয়া প্রত্যুগ্রতাসাধন হয়।

টিম্প্যানাইটিস্ ও মলবন্ধে পূর্ণ মাত্রা ব্যবহারে (পিচকারী রূপে) আশানুরূপ ফল পাওয়া যায়। ড্রপ সিতে ব্যবহৃত হয়।

ধূনা—Resin.

টাপেন্ হইতে তৈল চুয়াইয়া লইলে ইহা অবশিষ্ট থাকে। বাহ্য-ব্যবহারার্থ ব্যবহৃত হয়। ফর্ম্মাকোপিয়ায় চার্টা এপিস্প্যাষ্টিকা, এমপ্লাষ্ট্রম্ ক্যান্থারাইডিস্, এমপ্লাষ্ট্রম্ হাইড্রার্জিরম, এমপ্ল্যাষ্ট্রম্ পাইসিস্, সোপ-প্ল্যাষ্টার, তার্পিন্ তৈল মর্দ্দন, উষ্ণ পলস্ত্রাদি প্রস্তুত করিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

প্রঃ রূঃ। (১) এমপ্ল্যাষ্ট্রম রেজিনি। ধূনার পলস্ত্রা। (ধূনা ৪ আং, সীসপলস্ত্রা ২ পাউণ্ড, কঠিন সাবান ২ আং। একত্র মৃদুসন্তাপে গলাইবে। ইহাকে ষ্টিকিংপ্ল্যাষ্টার এড্হিসিভ প্ল্যাষ্টার কহে।)

(২) রেজিন্ অয়েণ্টমেণ্ট। (ধূনা ৮ আং, পীতমোম ৪ আং, মোমের মলম ১৬ আং, বাদাম তৈল ২ আং। একত্র গলাইয়া লইবে। ইহাকে বেজিলিকম্ অয়েণ্ট্মেণ্ট্ কহে।)

৫ম উত্তেজক।

লঙ্কামরীচ—Capsicum Fruit.

মাত্রা ॥০—২ গ্রেণ।

ক্যাপ্সিকম্ ফাষ্টিজিয়েটম্ নামক বৃক্ষের পক্ক ফল।

প্রঃ রূঃ। টিংচর ক্যাপ্সিকম্ (লঙ্কামরীচ চূর্ণ ৮০ আং, শোধিত সুরা ১ পাইণ্ট, পার্কোলেশন্ দ্বারা প্রস্তুত হয়। মাত্রা ১০—২০ মিনিম্।)

ক্রিয়া। অল্প মাত্রায় উত্তেজক ও আধেয়। অধিক মাত্রায় প্রদাহকারক। বাহ্যপ্রয়োগে উগ্রতাসাধক।

ব্যবহার। জ্বরবিকারাদি রোগে উগ্রতা-সাধন করিয়া জীবনীশক্তি উত্তেজন করণার্থ ইহার চূর্ণ হস্ত পদে মালিশ করিলে উপকার করে। তালু ও গলমধ্যের ক্ষতে ইহার কুল্য অতীব ফলদায়ক। অজীর্ণ জনিত উদরাময়, পাকাশয় ক্ষীণতা বশতঃ উদরাময় রোগে ইহা বিশেষ উপকারী। বিসূচিকা রোগে উত্তেজনার্থ সর্ষপ পলস্তার অভাবে ইহার পলস্তা ও মিকশ্চর্ ব্যবহৃত হয়।

৬ষ্ঠ উত্তেজক।

লাইকর এমোনিয়া ফর্সিয়র্—উগ্র এমোনিয়া দ্রব—

Liquor Ammonia Fortior.

মাত্রা ৩—১০ গ্রেণ।

নিশাদল চূর্ণ ৩ পাং, আর্দ্র চুণ ৪ পাং, পরিস্রুত জল ৩২ আং।

প্রঃ রুঃ। সলুউসন্ অব্ এমোনিয়া (উগ্র এমোনিয়া দ্রব ১ পাইণ্ট, পরিস্রুত জল ২ পাইণ্ট্। মাত্রা ১০—৩০ মিনিম্।)

(২) লিনিমেণ্ট্ অব্ এমোনিয়া (এমোনিয়া দ্রব ১ আং, জলপাইয়ের তৈল ৩ আং, মিশ্রিত করিবে।)

ক্রিয়া। প্রধান উত্তেজক। (ক) হৃৎপিণ্ডের ক্রিয়া বৃদ্ধি করে। (খ) উদরে এসিড্ গ্যাস্ উৎপন্ন হইলে উপকার করে। (গ) মূর্চ্ছাতে ব্যবহারে চৈতন্য হয়। (ঘ) চর্ম্মের ক্রিয়ার সময় ঠাণ্ডা করিলে মূত্রকারক। অধিক মাত্রায় ব্যবহারে বিষক্রিয়া করে। কফনিঃসারক, অল্প মাত্রায় অম্লনাশক, স্থানিক উগ্রতাসাধক, ফোস্কাকারক, বা দাহক।

ব্যবহার। লোফর্‌ম্ রিমিটেণ্ট্ ফিবরে ব্যবহার হয়। ভয়ঙ্কর টাইফস্, টাইফইড্ জ্বরে, হাম ও বসন্ত রোগে জীবনীশক্তি উত্তেজনার্থ

বিশেষ উপযোগী। অম্লবশতঃ উদরাধ্মান ও অজীর্ণ রোগে ব্যবহার হয়। মূর্চ্ছাবস্থায় চৈতন্যসম্পাদনার্থ ইহার ঘ্রাণ ব্যবহার হয়। কিন্তু কার্ব্বনেট্ অব্ এমোনিয়াই সর্ব্বদা ব্যবহার হয়।

সর্পদংশনে ইহার আভ্যন্তরিক ও স্থানিক প্রয়োগ অতীব উপকারক। হাইড্রোসিয়ানিক্ এসিড্, তামাক ও তিক্ত বাদাম দ্বারা বিষাক্ত হইলে, ইহার দ্বারা যথেষ্ট উপকার পাওয়া যায়।

ফুসফুস্ প্রদাহ ও পুরাতন শ্বাসনালী প্রদাহে ব্যবহৃত হয়।

স্নায়ুশূল, বাতরোগে ফোস্কাকারক, উগ্রতাসাধক হইয়া উপকার করে। শীঘ্র কার্য্য সিদ্ধ হয় না ও মূত্রযন্ত্রে ক্রিয়া প্রকাশ পায় না বলিয়া ক্যান্থারাইডিস্ পরিবর্ত্তে ব্যবহৃত হয় না।

৭ম উত্তেজক।

এমোনিয়া কার্ব্বনাস—কার্ব্বনেট অব্ এমোনিয়া।

Carbonate of ammonia.

মাত্রা। { ৩—১০ গ্রেণ উত্তেজক, কফনিঃসারক। ৩০ গ্রেণ বমনকারক।

নিশাদল ও খড়ি একত্রে উত্তাপ দিলে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ধূমাকারে উত্থিত হইয়া ঘন অবস্থায় অবস্থিতি করে।

প্রঃ ক্রঃ। স্পিরিট্ এমন্ য়্যারোম্যাটিক্। (কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ৪ আং, লাইকর্ এমোনিয়া ফরুসিয়র্ ৮ আং, ওলিভ্ অইল্ ৪॥০ ড্রাম, জম্বীর তৈল ৬॥০ ড্রাম, শোধিত সুরা ৬ পাইণ্ট্, জল ৩ পাইণ্ট। একত্রে ৭ পাইণ্ট চুয়াইবে। মাত্রা ১৫ মিনিম্—১ ড্রাম্।)

ক্রিয়া। উত্তেজক, অম্লনাশক, কফনিঃসারক, বমনকারক, স্বেদজনক, আক্ষেপনিবারক।

ব্যবহার। হিষ্টিরিয়া ও এপিলেপসি রোগে ইহা আক্ষেপ নিবারক হইয়া বিশেষ উপকার করে। স্নায়বীয় শিরঃপীড়ায়ও প্রত্যক্ষ ফল

দেখা যায়। স্মেলিং সল্ট রূপে ব্যবহার হয়। নিউমোনিয়া ও ব্রঙ্কাইটিস্ রোগে শ্বাস প্রদাহ দমন করিয়া যথেষ্ট উপকার করে।

লোকরম্ টাইফইড্ জ্বরে উত্তেজক হইয়া বিশেষ উপকার করে। অম্লজনিত উদরাময় রোগে, অম্লনষ্ট করিয়া উপকার করে। সর্প ও বৃশ্চিকদংশনে স্থানিক ও আভ্যন্তরিক ব্যবহার সমূহ ফলদায়ক। নানা প্রকার চর্ম্মরোগে ব্যবহার হয়। যথা, ইরিসিপেলাস্, ইরিথিমা, রোজিওলা, আম্বাত ইত্যাদি।

স্কার্লেট জ্বরে মহোপকারক। ইহা দ্বারা উচ্ছলৎ পানীয় প্রস্তুত হয়। তাহা টার্টারিক্ এসিড্ স্থলে বর্ণিত হইয়াছে।

ডিজিটেলিন্, কল্চিকম্, তামাক, হাইড্রোসিয়ানিক্ এসিড প্রভৃতিতে বিষঘ্ন বলিয়া ব্যবহার হয়।

অতি অল্প সময়েই বমনকারক বলিয়া ব্যবহৃত হয়। প্যারালিসিসতে বমনকরণার্থে পূর্ণ মাত্রায় ব্যবহার হয়। স্ক্রফিউলা রোগে কখন কখন চমৎকার ফল দর্শে। ডাক্তার বার্লো মধুমেহ রোগে ব্যবহার করিতে অনুমোদন করেন।

সূতিকোন্মাদ ও সূতিকাস্তম্ভ রোগের দুর্ব্বল ও অবসন্নাবস্থায় ব্যবহৃত হয়।

৮ম উত্তেজক।

হাইওসিয়ামস্ —Hyoscyamus.

হাইওসিয়ামস্ নাইগার্ নামক বৃক্ষের সরস পত্র ও শাখা। ইহাকে হেনবেন্ও বলিয়া থাকে।

প্রঃ রূঃ। (১) একষ্ট্রাক্ট্ হাইওসিয়ামস্। (বৃক্ষের সরস পত্র ও শাখা ছেঁচিয়া রস হইতে প্রস্তুত করিতে হয়। মাত্রা ৫—১০ গ্রেণ্।)

(২) টিংচর হাইওসিয়ামস্। (হাইওসিয়ামস্ পত্র কুট্টিত ২॥০ আং; পরীক্ষিত সুরা ১ পাইণ্ট। পার্কোলেশন্ দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—১ ড্রাম্।)

(৩) যুষ্ অব হাইওসিয়ামস্। (হাইওসিয়ামস সরস পত্র ও শাখা ৭ পাউণ্ড, পরিশ্রুত সুরা প্রয়োজনানুরূপ। রস বাহির করিয়া লইয়া ৩ আউন্সে ১ আং সুরা যোগ করিয়া, ৭ দিন রাখিয়া দিবে, পরে ছাঁকিয়া লইবে। শীতল স্থলে রাখিবে। মাত্রা ॥০—১ ড্রাম্।)

ক্রিয়া। মাস্তিষ্ক-উত্তেজ, ঘর্ম্মকারক, আক্ষেপনিবারক, কফনিঃসারক, নিদ্রাকারক।

ব্যবহার। অহিফেণ ব্যবস্থা নিষিদ্ধ হইলে, স্নায়ুশূল, বাত, গাউট্, থুস্কা, (মিলক্ অ্যাবসেস্) কাসি নোমা প্রভৃতি রোগে ব্যবহৃত হয়।

অন্য কোন উপসর্গ বশতঃ জ্বরাদি রোগে স্নায়বীয় উগ্রতা ও প্রলাপ থাকিলে অহিফেণ ব্যবস্থা নিষিদ্ধ হইলে হেন্‌বেন্ নিদ্রাকারক হইয়া উপকার করে।

আক্ষেপনিবারক, তজ্জন্য শ্বাসকাশে ব্যবস্থা করা যায়। ঘর্ম্মকারক, তজ্জন্য কাস রোগের উগ্রতা দমন করে। অহিফেণের পরিবর্ত্তে কখন কখন গনোরিয়াতে ব্যবহার হয়। দন্ত উঠিবার সময় যে আক্ষেপ হয়, তাহাতে বেদনা ও আক্ষেপ নিবারণ করে। অফ্‌থ্যাল্‌মিয়াতে, কয়েক মিনিম্ হাইওসিয়ামস্ খাইয়া শুইলে পরদিন প্রাতে রোগের অনেক সাম্য দেখিতে পাওয়া যায়। শিশুদিগের পক্ষে অহিফেণের উপর ইহা উত্তম ক্রিয়া প্রকাশ করে। কর্পূর ও ইথর্ সহযোগে ইহা প্যাল্‌পিটেশন্ অব্ হার্ট নিবারণ করে।

———

৯ম উত্তেজক।

মস্কস্—মৃগনাভি—Musk.

মাত্রা ৫—২০ গ্রেণ।

রুমিন্যাণ্ট জাতী মস্কস্ মস্কিফারস্ জন্তুর নাভির পশ্চাৎস্থিত চর্ম্মের আবৃত কোষ হইতে এই দ্রব্য পাওয়া যায়।

স্বঃ। অতি সুগন্ধযুক্ত। তিক্তাস্বাদ, দেখিতে পাটলবর্ণ।

ক্রিয়া। উত্তেজক, বায়ুনাশক, মূত্রকারক, আক্ষেপনিবারক, কামোদ্দীপক, স্বেদজনক।

ব্যবহার। হিষ্টিরিয়া, এপিলেপ্সি, কোরিয়া এবং কোন কোন টীটেনস্ রোগে আক্ষেপনিবারক জন্য ব্যবহার হয়। শৈশবাস্থায় দড়কারোগে ব্যবহার হয়। হিক্কা নিবারণের জন্য ইহার তুল্য আর ঔষধ নাই। ফুস্ফুস্ প্রদাহেও কেহ কেহ ব্যবহার করিয়া অতি আশ্চর্য্য জনক ফল পাইয়াছেন। টাইফস্ ও টাইফইড্ রোগের অবসন্নাবস্থায় অতি সুন্দর ফল দর্শে। হুপিংকফ্, গাউট্ ইত্যাদি রোগে অনেকে ব্যবহার করেন।

১০ম উত্তেজক।

ভ্যালিরিয়ানেট্ অব্ সোডা।

Valerianate of Soda.

মাত্রা ১—৫ গ্রেণ্।

এমিলিক্ অ্যাল্কোহল ৪ আং, বাই কার্ব্বনেট অব পটাশ ৯ আং, সল্ফিউরিক্ এসিড ৬৷৷০ আং, জল ৷৷০ গ্যালন্, সলুসন অব সোডা প্রয়োজনানুরূপ।

শ্বেতবর্ণ শুষ্ক পিণ্ড, শোধিত সুরায় সম্পূর্ণরূপে দ্রবণীয়। সল্‌ফিউ-রিক্ এসিড্ যোগে ভ্যালিরিয়ন শুদ্ধ উদ্ভূত হয়।

ক্রিয়া। উত্তেজক।

ভেলিরিয়েনেট্ অব্ জিঙ্ক প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

১২শ উত্তেজক।

সম্বল্ রুট্—Sumbul root.

মাত্রা ১০—২০ গ্রেণ।

রুসিয়া ও ভারতবর্ষে জন্মে। ইহার উৎপত্তি বিষয়ে কিছুই পরিজ্ঞাত হওয়া যায় নাই।

প্রঃ রূঃ। টিংচর্ সম্বল্। (সম্বল্ মূল কুট্টিত ২।৷০ আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট্ পার্কোলেশন্ দ্বারা প্রস্তুত হয়। মাত্রা ১০—৩০ মিনিম্।)

ক্রিয়া ও ব্যবহার। ভ্যালিরিয়ানের ন্যায় স্নায়বীয় উত্তেজক, আক্ষেপনিবারক। লো টাইফয়েড্ জ্বর, কোরিয়া, হিষ্টিরিয়া ও পুরাতন শ্বাসনালীর প্রদাহে ব্যবহৃত হয়।

---

১৩ শ উত্তেজক।

ইয়েষ্ট—Yeast frigus.

মাত্রা ৷৷০—১ আং।

বিয়ার নামক সুরা প্রস্তুত কালে পাওয়া যায়।

প্রঃ রূঃ। ক্যাটাপ্লাজ্‌মা ফার্মেণ্টাই। (বিয়ার ইয়েষ্ট ৬ আং, চূর্ণ গোধূম ১৪ আং, উষ্ণজল (১০০ তাপাংশের) ৬ আং। ইয়েষ্ট জলসহ মিশ্রিত করিয়া, গোধূম দিবে, ও উত্তাপ দিবে, যতক্ষণ না স্ফীত হয়।)

ক্রিয়া। উত্তেজক, মৃদুবিরেচক, পচননিবারক।

ব্যবহার। ইহার বাহ্যিক ও আভ্যন্তরিক ব্যবহর হয়। টাই-ফইড্ জ্বরে বলকারক ও পচননিবারক বলিয়া ব্যবহার হয়। টাইফইড্ জ্বরবশতঃ উদরাময় রোগে ইষ্টেষ্ট হিঙ্গুসহ পিচকারীরূপে ব্যবহারে বিশেষ ফল পাওয়া যায়। টাইফস্ জ্বরে ব্যবস্থাকালে কোন প্রকার প্রদাহ বর্ত্তমান বশতঃ সুরা ব্যবস্থা নিষিদ্ধ হইলে ইহা ব্যবহার করা যায়। বিবিধ পচাক্ষতে ইহা পুল্‌টিস্‌রূপেও ব্যবহৃত হয়।

১৪শ উত্তেজক।

এলিমি—Elemi.

ক্যানেরিয়ম্ কমিউনি বৃক্ষ হইতে প্রাপ্ত ধূনাযুক্ত গাঢ় রস।

প্রঃ রূঃ। অইণ্টমেণ্ট অব্ এলিমি। (এলিমি ৷৹ আং, সিম্‌প্ল অইণ্টমেণ্ট ১ আং। একত্র মিশ্রিত করিয়া অগ্নিসন্তাপে মিলাইয়া লইবে।)

ক্রিয়া ও ব্যবহার। প্রায়ই তার্পিন্ তৈলের ন্যায়। আভ্যন্তরিক ব্যবহার হয় না। মলম পুরাতন ক্ষতে উপকারী।

১৫শ উত্তেজক।

ম্যাস্‌টিক্—Mastiche.—রূমীমস্তকী।

মাত্রা ১—২০ গ্রেণ্।

পিস্‌টেসিয়া লেণ্টিস্‌কস্ নামক বৃক্ষের গাত্র হইতে নিঃসৃত ধূনা-যুক্ত রস।

ক্ষুদ্র ক্ষুদ্র পীতবর্ণ খণ্ড, ভঙ্গুর, চর্ব্বণ করিলে নরম হয় ও এক প্রকার গন্ধ নির্গত হয়।

ব্যবহার। দন্ত-রোগ-চিকিৎসকেরা ইহা সুরা ও ইথর্ ক্লোর-ফরমে দ্রব করিয়া দন্ত-ছিদ্রে পোকা লাগিলে দন্ত-গহ্বরে দিয়া থাকেন।

১৬শ উত্তেজক।

এমোনিয়াকম্—Ammoniacum.

মাত্রা ১০—২০ গ্রেণ্।

ডোরেমা এমোনিয়াকম্ বৃক্ষ হইতে প্রাপ্ত ধূনাযুক্ত গঁদ।

প্রঃ রূঃ। (১) এম্প্লাষ্ট্রম্ এমোনিয়াকম্ হাইড্রার্জিরো। (এমোনিয়াকম্ ১২ আং, মার্করি ৩ আং, ওলিভ্ (জলপাই) অইল ৫৬ গ্রেণ, গন্ধক চূর্ণ ৮ গ্রেণ; তৈল উষ্ণ করিয়া গন্ধক যোগ করিবে ও সর্ব্বদা আলোড়ন করিবে, পরে তাহাতে মার্করি যোগ করিবে, পরে এমোনিয়াকম্ যোগ করিবে।)

(২) মিশ্চ্যুরা এমোনিয়াকম্ (এমোনিয়াকম্ চূর্ণ—॥০ আং, পরিশ্রুত জল ৮ আং। মাত্রা ১—২ আং।)

পাইল্যুলা ইপিকাকুয়ানা কম্ সিলা (কম্পাউণ্ড পাউডর্ অব্ ইপিকাকুয়ানা ৩ আং, স্কুইল চূর্ণ ও এমোনিয়াকম্ চূর্ণ প্রত্যেক ১ আং, গুড় প্রয়োজনানুরূপ। মাত্রা ৫—১০ গ্রেণ।)

স্বঃ। বিশেষ গন্ধযুক্ত, তিক্তাস্বাদ, লোহিতবর্ণ, ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড সকল।

ক্রিয়া। ইহার ক্রিয়া হিঙ্গুর ন্যায়, কিন্তু অপেক্ষাকৃত ক্ষীণ, ইহার কারণ, ইহাতে এক প্রকার বায়িতৈল আছে। পূর্ণ মাত্রা ব্যবহারে গোলযোগ উপস্থিত করে।

ব্যবহার। যদিও যে যে রোগে হিঙ্গু ব্যবহার করা যায়, তাহাতে ইহা ব্যবহার হয়, তথাপি ইহার ক্রিয়া প্রধানতঃ পল্মনারি প্রদাহে বিলক্ষণ দৃষ্ট হয়। পুরাতন কাসে, অল্প ঘর্ম্ম হইলে বা পুরাতন ক্যাটারে এবং শ্বাসকাসে, বৃদ্ধ ব্যক্তিদের প্রচুর পরিমাণে কাস নির্গত হইলে ইহা কখন কখন উপকার করে। সন্ধিবিবর্দ্ধনে ইহার পলস্তা উপকারী।

———